Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1/111

হৈমবতী দর্শন

LIBRARY
No. 1/111
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

শ্রীমৎ নরেন্দ্রনাথ ব্রহ্মচারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 1/111
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

হৈমবতী দর্শন

শ্রীমৎ নরেন্দ্রনাথ ব্রহ্মচারী

প্রকাশক
শ্রীজ্ঞানেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য
"দেবসঙ্ঘ"
বোমপাশ টাউন,
পোঃ—বৈদ্যনাথ দেওঘর,
এস্, পি (বিহার)

সর্ব্বস্বত্ব সংরক্ষিত

মূল্য—এক টাকা মাত্র

LIBRARY
No. 1/111
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাপ্তিস্থান ঃ—

(১) "দেবসঙ্ঘ"

বোমপাশ টাউন,

পোঃ—বৈদ্যনাথ দেওঘর

এস্, পি (বিহার)

(২) "দেবসঙ্ঘ"

৪৮ সি, দুর্গাচরণ ডাক্তার রোড,

পোঃ ইণ্টালি,

কলিকাতা-১৪

(৩) মহেশ লাইব্রেরী,

২।১, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলেজ স্কোয়ার, কলিকাতা

ও

কলিকাতাস্থ প্রধান প্রধান পুস্তকালয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের নিবেদন

বৈদ্যনাথধামে পরমারাধ্য শ্রীশ্রীগুরুদেবের আশ্রম দেবসঙ্ঘে নবনির্ম্মিত মন্দিরে শ্রীশ্রীহৈমবতী দেবীর মূর্ত্তি প্রতিষ্ঠিত হইবে। আমরা দেবীর রূপ ও তত্ত্বসমূহ জানিবার জন্য আগ্রহশীল হওয়ায় তিনি সঙ্ঘের ত্রৈমাসিক পত্রিকা দিব্য দর্শনে উহা প্রকাশ করিতে আরম্ভ করেন। কিন্তু ইহাতে দীর্ঘ সময় লাগিবে এবং দেবী-প্রতিষ্ঠার পূর্ব্বে সমাপ্ত হইবে না বলিয়া ইহা পুস্তকাকারে প্রকাশিত হইল। হৈমবতীর কথা বলিতে গিয়া শ্রীশ্রীগুরুদেব সাধনার ধারা সম্বন্ধে এবং কি ভাবে মোক্ষকামী সাধককে স্তরে স্তরে অগ্রসর হইতে হইবে তাহা তাঁহার অনুপম ভাষায় লিপিবদ্ধ করিয়াছেন। আশা করি ইহাতে মুমুক্ষু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধক এবং ধর্ম্মার্থী সাধারণের বিশেষ উপকার হইবে। নিবেদন ইতি—

শ্রীশ্রীদুর্গাপূজা
১৩৬২ সাল

শ্রীশ্রীগুরুচরণাশ্রিত বিনীত—
শ্রীজ্ঞানেন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রীহৈমবতী

LIBRARY
No............
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No........ 1/111
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

হৈমবতী দর্শন

(১)

হৈমবতী কে ?

হৈমবতীর কথা আমরা প্রথম দেখিতে পাই বেদে—উপনিষদে। সনাতন হিন্দুজাতির আদি শাস্ত্র বেদ। বেদ চারিভাগে বিভক্ত—ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব। বেদের সার অংশ উপনিষদ। সামবেদের অন্তর্গত কেনোপনিষদে আমরা এই হৈমবতীর কথা উল্লিখিত আছে দেখিতে পাই। কথিত আছে—একদিন দেবতাদের মধ্যে কে অধিকতর বলবান তাহা নিয়া বিরোধ হয়। বিরোধের মীমাংসা কিছুতেই হইতেছিল না। তখন অদূরে তাঁহারা একটি যক্ষের রূপ দেখিতে পান। যক্ষকে তাঁহারা বিরোধ মীমাংসার সালিশ নিযুক্ত করিয়া প্রথম অগ্নিকে যক্ষের নিকট প্রেরণ করিলেন, দেবতাদের মধ্যে কে শ্রেষ্ঠ তাহা জানিয়া আসিবার জন্য। অগ্নি যক্ষের সমীপস্থ হইলে যক্ষ জিজ্ঞাসা করিলেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনি কে ? কি চাহেন ? অগ্নি উত্তরে জানাইলেন —আমি অগ্নি, আমি এক মুহূর্ত্তে সমস্ত পৃথিবীকে ভস্ম করিয়া ফেলিতে পারি। আমি দেবতাদের মধ্যে অধিকতর বলবান। কিন্তু দেবতাগণ আমার শ্রেষ্ঠত্ব স্বীকার করিতেছেন না। আমাদের মধ্যে বিরোধ হইতেছে। এই বিরোধ মীমাংসার জন্য আপনাকেই আমরা উত্তম মধ্যস্থ (সালিশ) বলিয়া স্বীকার করিয়া লইয়াছি। আপনি বলিয়া দিন—দেবতাদের মধ্যে কে শ্রেষ্ঠ। অগ্নির কথা শুনিয়া যক্ষ হাসিয়া বলিলেন—আপনি ত এই বিশ্বকে ভস্ম করিতে সমর্থ, আচ্ছা, এই তৃণটী ভস্ম করুন ত ? এই কথা বলিয়া যক্ষ ব্রহ্মার সম্মুখে একখণ্ড তৃণ রাখিলেন। ব্রহ্মা (অগ্নি) তাঁহার সমস্ত শক্তি প্রয়োগ করিয়াও ঐ ক্ষুদ্র তৃণটীকে ভস্ম করিতে পারিলেন না। তিনি লজ্জিত হইয়া ফিরিয়া আসিলেন।

দেবতাগণ বায়ুকে যাইতে বলিলেন। তখন বায়ু গর্ব্বিত হইয়া বলিলেন—আমি জানিয়া আসি এই যক্ষ কে। তাহাকে আমার শক্তিরও পরিচয় দিয়া প্রতিপন্ন করিব আমিই দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গর্ব্বিত বায়ু যক্ষের নিকট উপস্থিত হইলেন। যক্ষ স্মিতহাস্যে জিজ্ঞাসা করিলেন—আপনি কে? কি চাহেন? বায়ু গর্ব্বিতকণ্ঠে বলিলেন—আমি বায়ু, অতি বলবান বায়ু, আমি প্রবলবেগে বহিতে থাকিলে আমার পরাক্রমে পৃথিবীর পর্ব্বতাদি পর্য্যন্ত চূর্ণ বিচূর্ণ হইয়া যায়। আমি এক মুহূর্ত্তে এই পৃথিবীকেও ধ্বংস করিতে পারি। যক্ষ পূর্ব্বোক্ত তৃণটী বায়ুর সম্মুখে রাখিয়া বলিলেন—আপনি ইহাকে স্থানচ্যুত করুন ত? বায়ু তাঁহার সমস্ত শক্তি প্রয়োগ করিয়াও তৃণটীকে এক চুলও নড়াইতে পারিলেন না। বায়ু লজ্জিত হইলেন, নতমুখে ফিরিয়া আসিলেন।

তখন দেবতাগণ পরামর্শ করিয়া দেবরাজ ইন্দ্রকে এই যক্ষ কে তাহা জানিবার জন্য পাঠাইলেন। দেবরাজ ইন্দ্র শান্তভাবে ভক্তিনতশিরে যক্ষের সমীপস্থ হইতেই যক্ষ অন্তর্হিত হইলেন। তৎস্থলে স্বর্ণ অলঙ্কারে বা স্বর্ণবর্ণে ভূষিতা এক সৌম্যা নারী-মূর্ত্তি আবির্ভূতা হইলেন। যক্ষই এক স্নেহশীলা জননী মূর্ত্তিতে ইন্দ্রকে দর্শন দান করিলেন। অতি সৌম্যা, দিব্যভাবে পরিপূর্ণা এই মাতৃমূর্ত্তি। এই দেবী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হেমবর্ণ ভূষণে বা স্থবর্ণ অলঙ্কারে ভূষিতা হইয়া আবির্ভূতা হইয়াছিলেন। তাঁহার গায়ের বর্ণও কাঁচা সোনার ন্যায়। বেদের কোন কোন স্থানে ঋষিগণ তাঁহাকে অগ্নিবর্ণা বলিয়াও উল্লেখ করিয়াছেন। হেমকান্তিতে ভূষিতা হইয়া তিনি আবিভূ‌তা হইয়াছিলেন বলিয়াই তাঁহাকে হৈমবতী বলা হয়। তাঁহার দেহের বর্ণই তাঁহার অলঙ্কারের তুল্য। দেহ হইতে দেহী স্বতন্ত্র এই জ্ঞান সদাই তাঁহার জাগ্রত ছিল।

দেবী বলিলেন—আমি হৈমবতী, আমি উমা, আমিই যক্ষরূপে আবির্ভূতা হইয়াছিলাম তোমাদের ভ্রান্তি দূর করিবার জন্য। আমিই ব্রহ্ম, সমস্ত শক্তির উৎস আমি। এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয় হয় আমা হইতেই। আমিই ত্রিভুবনের অধীশ্বরী, আমিই সপ্তলোকের পরমেশ্বরী। আমিই সৃষ্টি, স্থিতি, লয় এই ত্রিভঙ্গিমায় জগৎরূপে লীলা করিতেছি। আমি নির্গুণ হইয়াও লীলাচ্ছলে সগুণ হই। তোমরা—দেবতাগণ আমার শক্তিতেই শক্তিমান। আমিই আদি, আমিই অনাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই দেবীর—এই শুদ্ধা নিষ্কলা জননীর দিব্য স্পর্শ পাইয়াই অম্ভৃণ নামক ঋষির কন্যা বাক্ ঋক্‌বেদের দেবী-সূক্তে গাহিয়াছিলেন—"অহং রুদ্রেভির্বসুভিশ্চরাম্যহমাদিত্যৈরুত বিশ্বদেবৈঃ..."

এই দেবীর স্পর্শ পাইয়াই ঋষি যাজ্ঞবল্ক্য রাজর্ষি জনকের সভায় নিজেকে শ্রেষ্ঠ ব্রহ্মবিদ্ বলিয়া পরিচয় দিয়াছিলেন। এই দেবীর স্পর্শ পাইয়াই মৈত্রেয়ী গর্ব্বিত কণ্ঠে সমস্ত উপকরণকে প্রত্যাখ্যান করিয়া বলিয়াছিলেন—উপকরণের মধ্যে অমৃত নাই। আমি অমৃতময়ীর সন্ধান পাইয়াছি, সেই অমৃতময়ীকেই চাই। উপকরণ আমার মনকে ও দৃষ্টিকে আবৃত করিতে পারিবে না। আমি জানিয়াছি একমাত্র আত্মাই আনন্দ স্বরূপ, রস স্বরূপ। সেই আত্মাই একমাত্র জ্ঞাতব্য ও দ্রষ্টব্য।

এই দেবীর দিব্যরূপের ইঙ্গিত পাইয়াই ঈশোপনিষদের ঋষি গাহিয়াছিলেন—"হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্ তত্ত্বং অপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে।" হে অগ্নি, (হে বরুণ, পবন) তোমাদের ঐশ্বর্য্যপূর্ণরূপকে সংবরণ কর। আমি ঐশ্বর্য্য চাহি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না। আমি চাহি সেই দেবীকে—সেই উমা হৈমবতীকে—সেই শুদ্ধা নিষ্কলা ব্রহ্মস্বরূপা জননীকে। অপাবৃণু—দ্বার উন্মোচন কর। আমার মনের দ্বার, আমার ইন্দ্রিয়ের দ্বার, আমার বৃত্তির দ্বার, আমার মোহের দ্বার, আমার জগৎদর্শনের,—বহুদর্শনের ঐ বহির্মুখীন্ দ্বার বন্ধ কর, রুদ্ধ কর। আজ যে দিক হইতে জীবনে আলো আসে, স্বর্গীয় সুষমা নামিয়া আসে, অমৃতময় মাতৃপরশ জীবনকে পুলকিত, সঞ্জীবিত করে সেই দ্বার উন্মুক্ত কর।

"যুযোধি অস্মৎ জুহুরাণমেনঃ"।

জন্ম জন্মান্তরীয় পাপকে—কর্ম্মফলকে ভস্ম কর, ভস্ম কর। দ্বার উন্মুক্ত কর। ঐ যে দিব্য আলো আসিতেছে, হৈমবতীর হেমকান্তি আমার মর্ম্মস্থলকে কোন্ এক দিব্য মহিমায় আলোকিত ও উদ্ভাসিত করিতেছে, খুলে দাও, খুলে দাও।

"যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি।"

আমি তাহাই হইব, সেই চিন্ময়ীর সঙ্গে মিশিয়া যাইব, অভিন্ন হইব। আমি স্বরূপত তাহাই।

এই হৈমবতীই, এই উমাই ব্রহ্মস্বরূপিণী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইনিই ব্রহ্ম। ঋষিগণ উপনিষদে ইঁহারই মহিমা ঘোষণা করিয়াছেন, ইঁহারই স্তবগান করিয়াছেন। শর যেমন তাহার লক্ষ্য বস্তুকে বিদ্ধ করে, লক্ষ্য বস্তুর মধ্যে প্রবিষ্ট হয় সেইরূপ অপ্রমত্ত হইয়া এই দেবীর দিব্য রূপেতে নিমজ্জিত হইবার জন্য ঋষিগণ পুনঃ পুনঃ নির্দ্দেশ দিয়াছেন। অশনে, বসনে, শয়নে, স্বপনে, সংসারে, সন্ন্যাসে, রূপে, বাক্যে, ভাবে ঋষিগণ এই হৈমবতীরই দিব্যরূপের ছটা দেখিয়াছিলেন। দিব্য ভাবের স্পর্শ পাইয়াছিলেন। 'জয় মা' বলিয়া এই দেবীকেই বক্ষে তুলিয়া ধরিয়াছিলেন। 'জয় মা' বলিয়া এই দেবীকেই সমস্ত উপকরণের মধ্যে প্রতিষ্ঠা দিয়াছিলেন। 'জয় মা' বলিয়া চতুর্বিধ অন্নে তাঁহাকে অন্নপূর্ণারূপে অর্চ্চনা করিয়াছিলেন। "অন্নং ব্রহ্মেতি ব্যজানাৎ, অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে," বলিয়া, 'অন্নেন জাতানি জীবন্তি' "অন্নং প্রযন্ত্যভিসংবিশন্তীতি" বলিয়া, স্থূলে, সূক্ষ্মে, কারণে এই হৈমবতীকেই অর্চ্চনা করিয়াছিলেন। 'জয় মা' বলিয়া আপন অঙ্গে জল প্রক্ষালন করিতে করিতে —'আপঃ শুন্ধন্তু মৈনসঃ'…'উষতিরিব মাতরঃ' বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই হৈমবতীকেই অর্চ্চনা করিতেন। 'জয় মা' বলিয়া অগ্নিতে এই হৈমবতীকেই লক্ষ্য করিয়া আহুতি অর্পণ করিতেন। "অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্"—হে অগ্নি! তুমি আমাদের কর্ম্মফল সকলকে উত্তম পথে, দিব্যপথে—ব্রহ্মলাভের পথে, ব্রহ্মবিহারের পথে বহন করিয়া নিয়া চল—এ সকল প্রার্থনা এই হৈমবতীকে লক্ষ্য করিয়া বার বার বলিয়াছিলেন। 'মধুবাতা ঋতায়তে' মধুময় বায়ু প্রবাহিত হইতেছে, আমার তাপিত অঙ্গকে সুশীতল করিতেছে, আমার মনের প্রাণের গ্লানি অপনোদন করিতেছে, আমাকে দিব্য ভাবে ভাবাবিষ্ট করিতেছে। তপস্বিগণ তপস্যার প্রভাবেই বলিতে পারিয়াছিলেন এই হৈমবতীরই মধুময় স্পর্শ অনুভব করিয়া 'মধুবাতা ঋতায়তে'। ওষধিতে, বনস্পতিতে এই হৈমবতীকেই ঋষিগণ দর্শন করিয়াছিলেন। ঋষিগণ ধ্যানগম্ভীর কণ্ঠে ঘোষণা করিয়াছিলেন—স্থাবরে জঙ্গমে এই ব্রহ্মকে দর্শন করিয়া কৃতকৃত্য হও, এই জীবনেই কৃতকৃত্য হও। যদি তাহা না কর, তবে জীবন ধারণের সমস্ত আয়োজনই ব্যর্থ হইল, "মহতী বিনষ্টিঃ"।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋষিগণ বলিয়াছেন—দেহরূপ রথে এই হৈমবতী রথিরূপে, আত্মারূপে বিদ্যমান। দেখ—চাহিয়া দেখ অন্তরের নিভৃত কক্ষে এই উমা প্রাণরূপে,—সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে বহুযুগ—বহুজন্ম তোমারই জীবনের দ্রষ্টারূপে—সাক্ষিরূপে অবস্থান করিতেছেন। তোমার জীবনরথের সারথি এতদিন ইন্দ্রিয়রূপ অশ্বসকলকে লাগাম শিথিল করিয়া ধরিয়াছিলেন। তাই বাহির বিশ্বে তুমি উন্মাদের মত ছুটিয়াছিলে। আজ সারথি রথ ফিরাইল। অশ্বের বহির্মুখীগতিকে সংযত করিয়া অন্তরের দিব্য আসনে যে রথী বসিয়া রহিয়াছেন তাঁহাকে আজ দেখ। সেই সবিতাকে—প্রসবিতাকে দেখিয়া উদাত্তকণ্ঠে বল 'ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ', আমাদিগকে ধী দান কর। তুমি যে রথী, প্রত্যেক দেহরূপ রথে অধিষ্ঠিত রহিয়াছ। সেই তোমাকে দেখিবার ধী দান কর। তুমি যে ভূঃ, ভুবঃ, স্বঃ এই ত্রিলোকের অধীশ্বর তাহা দেখিবার ধী দান কর। তুমিই যে চক্ষুর দর্শনশক্তি, কর্ণের শ্রবণশক্তি, মনের মননশক্তিরূপে অধিষ্ঠিত থাকিয়া চক্ষু, কর্ণ, মন ও সমস্ত ইন্দ্রিয়বর্গকে গতিশীল করিয়া রাখিয়াছ তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিবার—বুঝিবার ধী দান কর। 'ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ'। হে জননি—হে স্নেহশীলা জননি! আমি যে বহুর মধ্যে নিজেকে প্রায় হারাইয়া ফেলিয়াছি, চারিদিক হইতে আমাকে কেবল বাহিরেই আকর্ষণ করিতেছে, তুমি একবার হৃদয় হইতে আমাকে আকর্ষণ করিয়া ধর। কোলে তুলিয়া লও। 'আবিরাবীর্মএধি'। এমনি করিয়া ঋষিগণ এই হৈমবতীকে আহ্বান করিয়াছিলেন, দর্শন করিয়াছিলেন।

কুলবধূর ন্যায় প্রথমে হৃদয়ের কন্দরে এই উমা এই হৈমবতী লুক্কায়িত থাকিলেও চিরদিন বধূরূপে থাকেন না। এই বধূই একদিন জননীরূপে, গৃহিণীরূপে সমস্ত গৃহকে জুড়িয়া বসেন। গৃহকর্ত্রী যেমন গৃহের এককোণে লুকাইয়া থাকেন না, সমস্ত গৃহের অধীশ্বরী রূপে অবস্থান করিয়া সকলকে আপ্যায়িত করেন, সেইরূপ এই জননী হৃদয়ের নিভৃত বেদী হইতে অবতরণ করিয়া বাহির বিশ্বের এক বেদীতে আসিয়া শত সহস্র পুত্রের দুঃখ মোচনের জন্য মাতৃমূর্ত্তিতে অধিষ্ঠিতা হন। ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তরের কুলবধূ, মা হইয়া একেবারে বাহিরে আসিয়া অধিষ্ঠিতা হন। স্থূলে, রূপে তিনি আবির্ভূতা হন। দহর আকাশের বেদী হইতে বাহ্য আকাশের বেদীতে আসিয়া স্থূলে আবির্ভূতা হন, পুত্রদের কল্যাণ সাধনের জন্য।

তাই তিনি ইন্দ্রকে—দেবরাজ ইন্দ্রকে স্থূলে আসিয়া ধরা দিয়াছিলেন—দেখা দিয়াছিলেন। তাই তিনি ছদ্মবেশে অগ্নি ও বায়ুকে যক্ষরূপে দর্শন দান করিয়াছিলেন। তাঁহারা গর্ব্বিত ছিলেন বলিয়া মাতৃরূপে দর্শন করিতে পারেন নাই। দেবরাজ ইন্দ্র পুত্রের ন্যায় প্রণতিভাব নিয়া জিজ্ঞাসুরূপে যক্ষের সমীপস্থ হইলে যক্ষ মাতৃরূপে আসিয়া তাহাকে আলিঙ্গনাবদ্ধ করিলেন, কোলে তুলিয়া লইলেন। বলিলেন—আমি মা, আমিই বিশ্বজননী।

এই সেই যক্ষ, এই সেই হৈমবতী, এই সেই উমা। যাহারা গর্ব্বিত, তাহারা আমার মাকে যক্ষরূপেই দেখিবে, যাহারা প্রণত তাহারা আমার মাকে মাতৃরূপেই পাইবে। আমার হৃদয়বেদীর কুলবধূ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার হৃদয়বেদীর দিব্য পুরুষ, আমার হৃদয় বেদীর দ্রষ্টা—জ্ঞাতা আজ তোমাদের সম্মুখে এই বেদীতে অধিষ্ঠিতা হইলেন। মন্থন করিয়াছি—অনন্ত জন্ম ধরিয়া মন্থন করিয়াছি। জীবন সমুদ্রকে মন্থন করিয়াছি, তবেই এই সুধাময়ী, অমৃতময়ী নবনী হইয়া আবার নবরূপে অধিষ্ঠিতা হইলেন এই বেদীতে। এই বিশ্বকে—এই অবনীকে মন্থন করিয়া এই নবনী সংগ্রহ করিয়াছি। বহু অশ্রুপাত করিয়া দিব্যলোকের অত্যুচ্চ তুঙ্গ হইতে জীবন ভেলায় ভাসাইয়া আনিয়াছি এই বেদীতে আমার উমাকে—হৈমবতীকে—মাকে।

আমার এই হৈমবতী হইলেন বেদান্তের ব্রহ্ম, উপনিষদের আত্মা, সাংখ্যের পুরুষ, গীতার পুরুষোত্তম। শ্রীশঙ্কর যাঁহাকে নির্গুণ ব্রহ্ম বলিয়াছেন, শ্রীচৈতন্য যাঁহাকে অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ব বলিয়াছেন, তিনিও আমার এই হৈমবতী।

আচার্য্য বিজয়কৃষ্ণ গীতার যৌগিক ব্যাখ্যা করিতে যাইয়া এই হৈমবতীকেই মা বলিয়া আখ্যা দিয়াছেন। ব্রহ্মর্ষি সত্যদেব চণ্ডীর আধ্যাত্মিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাখ্যা করিতে যাইয়া মহাকালী, মহালক্ষ্মী ও মহাসরস্বতীরূপে এই হৈমবতীরই লীলামাধুর্য্য বর্ণনা করিয়াছেন। মনের গ্রন্থি, প্রাণের গ্রন্থি ও জ্ঞানের গ্রন্থি ছিন্ন করিয়া অপরা বিদ্যার হাত হইতে কিরূপে পরাবিদ্যাস্বরূপিণী ব্রহ্মময়ীর অঙ্কে সাধক পরম শান্তি লাভ করেন সেই কথা বলিতে যাইয়া সমস্ত সিদ্ধ সাধকগণ এই হৈমবতীর কথাই বলিয়াছেন।

নিষ্কাম কর্ম্মযোগিগণ আমার এই হৈমবতীর স্নেহময় অঙ্কে বসিয়াই নির্লিপ্তভাবে কর্ম্ম করিতে পারেন। শনৈঃ শনৈঃ মনকে বুদ্ধিতে নিরুদ্ধ করিয়া নির্ম্মল প্রজ্ঞালোকে যোগিগণ এই হৈমবতীকেই দর্শন করেন। জ্ঞানিগণের দ্রষ্টা এই হৈমবতী, প্রেমিকের চিদ্‌ঘন বিগ্রহ এই হৈমবতী। জ্ঞানীর প্রজ্ঞালোকে যিনি জ্যোতির্ম্ময়, ভক্তের ভক্তিহিমে তিনিই রূপময়। ভক্ত অর্জ্জুন তেজোময় —জ্যোতির্ম্ময় বিশ্বরূপ দেখিয়া অভিভূত হন; প্রার্থনা করেন—তুমি শান্ত মূর্ত্তিতে, চতুর্ভুজ মূর্ত্তিতে একবার দেখা দাও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার অন্তররাজ্যে যিনি জ্যোতির্ম্ময়ী, আনন্দময়ী তিনিই আজ এই মন্দিরে, এই বেদীতে তোমাদের সকলের ভক্তিহিমে রূপময়ী, আনন্দঘন-ময়ী। সত্যপ্রতিষ্ঠার সাহায্যে অনুসন্ধিৎসুর চক্ষু নিয়া যাঁহাকে লতায় পাতায়, জলে স্থলে, অন্তরীক্ষে 'এই তুমি' বলিয়া খুঁজিয়াছি, ধরিয়াছি, আবার হারাইয়াছি তিনিই আজ স্থূলমূর্ত্তিতে প্রেমঘনমূর্ত্তিতে আবির্ভূতা হইলেন এই বেদীতে।

এই হৈমবতী বৈষ্ণবের বিষ্ণু, শৈবের শিব, শাক্তের শক্তি, ভক্তের ভগবান, জ্ঞানীর পরব্রহ্ম। ইনি তোমাদের সুখদা ও মোক্ষদা। পার্থিব অভ্যুদয় এই জননীই দিতে সক্ষম। আবার মুমুক্ষু সাধকের বাঞ্ছিত মুক্তি এই দেবীই দিয়া থাকেন। আমার হৈমবতী শান্তম্, শিবম্, অদ্বৈতম্।

কৈশোরে নির্জ্জন মাঠে ও প্রান্তরে বসিয়া এই দেবীকেই কত খুঁজিয়াছি। যৌবনে ঘরের বাহির হইয়া এই দেবীরই সন্ধানে কত দেশ দেশান্তরে ঘুরিয়াছি। যিনি আমার আমি, যিনি বিশ্বের প্রাণ, যিনি অনন্ত বিশ্বের সৃষ্টি স্থিতি লয়ের হেতু সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাকে খুঁজিয়াছি। গোঁড়া বৈষ্ণবগণ আসিয়া বলিয়াছে—তুমি সকল দেবতাকে ভুলিয়া শুধু বিষ্ণুর (কৃষ্ণের) উপাসনা কর, বৈকুণ্ঠে স্থান পাইবে। গোঁড়া শাক্ত বা শৈবগণ বলিয়াছে—তুমি শক্তি বা শিবের উপাসনা করিলে কৈলাসে স্থান পাইবে। তথাকথিত রাধাকৃষ্ণ-ভক্তগণ বৃন্দাবনের প্রলোভন দেখাইয়াছে। বিরহিণী রাধার বিচ্ছেদজ্বালা ও তুর্দ্দশার কথা শুনিয়া সে পথে আমার আকর্ষণ হয় নাই। বৈকুণ্ঠ বা কৈলাস আমাকে প্রলুব্ধ করিতে পারে নাই। সাম্প্রদায়িকতার গণ্ডী আমার মনকে ব্যথিতই করিত। মন বলিত—হিন্দুধর্ম্ম সনাতনধর্ম্ম, অসাম্প্রদায়িক এক বিরাট উদার ধর্ম্ম। তুর্ব্বলচিত্ত মানুষের জন্য পুরাণে বৈকুণ্ঠ, গোলক বা কৈলাসের প্রলুব্ধকর কথা থাকিলেও তাহা মানবজীবনের শেষ কথা নহে। পার্থিব ভোগলোলুপ দরিদ্রের পক্ষে যেমন প্রাসাদে বাস করা অতি লোভনীয় ব্যাপার, সেইরূপ কাঙ্গাল সাধকের পক্ষেও স্বর্গাদি লোক লাভের আকাঙ্ক্ষা লোভনীয় ব্যাপার। কিন্তু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার মন তাহাতে প্রলুব্ধ হয় নাই। অন্তরে বসিয়া বিদ্রূপের কণ্ঠে কে যেন বলিত—

"কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রংহি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্ম্মজা॥

দেবতাদিগের অর্চ্চনা করিলে কামনামূলক কর্ম্মের সিদ্ধি শীঘ্র লাভ হয়, জগতে সুখী হওয়া যায়, স্বর্গাদিও লাভ হয়, কিন্তু জগতের সুখ ত দুঃখ মিশ্রিত। স্বর্গের সুখ ক্ষণস্থায়ী। পুণ্যবল শেষ হইলে স্বর্গ হইতে আবার মর্ত্ত্যলোকে আসিতে হয়। 'ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি'।

আমার মনে পার্থিব ভোগের লালসা ত নাই। ধন, জন, মান তাহা ত চাহি না। স্বর্গাদিও চাহি না। চাহি শুধু তোমাকে—শান্তিময়, প্রেমময়, আনন্দময় তোমাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২)

গুরুরূপে হৈমবতী

তারপর একদিন ঋষিপ্রদর্শিত এক স্বচ্ছ পথের সন্ধান মিলিল। 'যো বৈ ভূমা তৎ সুখম্, নাল্পে সুখমস্তি।' অল্প লইয়া, সীমাবদ্ধ ভোগ্য বস্তু পাইয়া কেহই সুখী হইতে পারে নাই, তুমিও পারিবে না। স্বর্গাদির সুখও ক্ষয় এবং অতিশয়যুক্ত। অন্তরে এই কথা ধ্বনিত হইতে লাগিল—'নাল্পে সুখমস্তি'। সেই ভূমাকে লাভ কর, অল্পে তুষ্ট হইও না। পুনরাবর্ত্তনে দুঃখ আছে। যাঁহাকে পাইলে আর আবর্ত্তন হয় না, এই নশ্বর জগতে আসিতে হয় না, সেই ভূমাকে লাভ কর। সেই ভূমাই প্রেমময়, সুখময়, শান্তিময়—সেইধামে চল।

চল বলিলেই ত চলা যায় না, বাধা বহু। অন্তরে বাধা, বাহিরে বাধা। পথ কে দেখাইবে? পাথেয় কে দিবে? অন্তরের আর্ত্তনাদ কে অসীম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধৈর্য্য নিয়া শুনিবে? কে তপ্ত চোখের জল মুছাইবে? পান্থশালা ভ্রমে জতুগৃহে প্রবেশ করিব না ত? কল্পবৃক্ষ ভ্রমে বিষবৃক্ষের আশ্রয় লইব না ত? উঃ! কি জ্বালা, কি ব্যথা অন্তরে!

সেইদিন, সেই ঘোর দুর্দ্দিনে আমার অন্তরের 'নিধি পাশে আসিয়া দাঁড়াইল। হাতে ধরিল, বক্ষে তুলিয়া লইল। করুণার মূর্ত্তছবি, তাপহরণ, পাপহরণ, সৌম্যশান্ত সেই দিব্যমূর্ত্তি। পৃথিবীর অন্য লোক তাঁহাকে যাহাই ভাবুক, আমি তাঁহাকে ভাবিয়ছি দেখিয়াছি আমার হৈমবতীরই মূর্ত্ত বিগ্রহরূপে। আমার হৈমবতী দেহধারী হইয়া আসিয়াছিলেন গুরুরূপে আমাকে কৃপা করিতে, উদ্ধার করিতে। সত্যের মূর্ত্ত ছবি তিনি, তাই তাঁহার নাম শ্রীশ্রীসত্যদেব।

পথের পরিচয় মিলিল, পাথেয় কিছু পাওয়া গেল। আরম্ভ হইল যাত্রা। 'দুর্গমপথস্তৎ কবয়ো বদন্তি'। দুর্গম—অতি দুর্গম এই পথ, বাধা—বহু বাধা এই পথে। তবু কে যেন আকর্ষণ করিতেছিল, তবু কে যেন পিছন হইতে ঠেলিতেছিল। বিশ্রাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



ব্রহ্মর্ষি শ্রীশ্রীসত্যদেব মহারাজ

দেব-সংঘ
বৈদ্যনাথ—দেওঘর

LIBRARY
No............
Shri Shri Ma Anandamayee Ash
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে দেয় নাই। শ্রান্ত দেহ ও মন নিয়া পথে—সেই দুর্গম পথে—সেই কণ্টকাকীর্ণ পথে বিশ্রাম করিতে দেয় নাই। আকর্ষণ করিয়াছে, দুর্নিবার সেই আকর্ষণ। অলক্ষ্যে কে এমন করিয়া আকর্ষণ করিতেছিল, কে পিছন হইতে বার বার অভয়বাণী শুনাইতেছিল? তাঁহাকে তখনও দেখি নাই, শুধু ডাক শুনিয়াছি, শুধু মৃদু মৃদু স্পর্শ পাইয়াছি। দেখা তখনও পাই নাই। বুভুক্ষু মন তিক্ত হইয়াছে। কতবার দেহ রোগে, লাঞ্ছনায়, কষ্টে জর্জ্জরিত হইয়াছে। কতবার আত্মীয়দের দুর্বাক্যে দুর্ব্যবহারে মন অধীর হইয়াছে। ব্যর্থ সাধনার প্রচেষ্টা মনে হতাশা আনিয়া দিয়াছে। ব্যর্থ এ পথ, মিথ্যা স্তোকবাক্য শাস্ত্রের পাতায় পাতায়। এই কথা ক্ষিপ্ত হইয়া মন সময় সময় বলিয়াছে। হতাশায়, দুঃখে তপস্যার প্রতিও যখন শিথিলতা আসিয়াছে, বিরক্তি আসিয়াছে তখন একটি মঙ্গল শঙ্খের ধ্বনি—বাঁশীর ধ্বনি আমাকে সজীব করিত, সচেতন করিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩)

তিনি গুরু ও গোবিন্দ

কে বাজায় ঐ মঙ্গল শঙ্খ ? কে বাজায় মধুর ঐ বাঁশরী ? নাভিগন্ধে যেমন মৃগ ইতস্ততঃ ধাবিত হয় সেইরূপ ঐ মঙ্গল শঙ্খের ধ্বনি শুনিয়া দিকে দিকে তাঁহাকে আবার উন্মাদের ন্যায় খুঁজিয়াছি। তাঁর বাঁশী শুনিয়াছি, তাঁর শঙ্খধ্বনিও শুনিয়াছি, কিন্তু তাঁকে তখনও দেখি নাই। ডাকে—ডাকে কম্বুকণ্ঠে—বিশ্বের উর্দ্ধলোক হইতে সেই মঙ্গল শঙ্খ ডাকে। বাজায়—বাজায় ঐ মোহন বাঁশরী হৃদয়ের গুপ্তকক্ষে বসিয়া। সেই ত আমার প্রাণ গোবিন্দ। সেই ত আমার জীবনের অচ্যুত সারথি। শুধু আমার নহে, তোমাদের, তথা সমস্ত বিশ্বের জীবনরথের অচ্যুত সারথি।

প্রতি জীবের দেহই রথ, ইন্দ্রিয় সকল ঘোড়া, মন লাগাম, বুদ্ধি সারথি, আত্মা রথী, সংসার বিচরণভূমি। এই সংসারই কুরুক্ষেত্র-রণক্ষেত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পার্থ-সারথি

দেব-সংঘ
বৈদ্যনাথ—দেওঘর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুধু অৰ্জ্জুনের জীবনেই যে কুরুক্ষেত্রের যুদ্ধ ঘটিয়াছিল তাহা নহে। প্রত্যেকের জীবনেই এই যুদ্ধ সঙ্ঘটিত হইতেছে। পাপে আসক্ত, ভোগে আসক্ত জীব বার বার পরাজিত ও নিহত হইতেছে। রণে শুধু সেই জয়ী হয় যে একের—ভূমার শরণাপন্ন হয়। 'নাল্পে সুখমস্তি' এই কথা, এই মন্ত্র বার বার সারথি বলিতে থাকে। ভূমাকে চাও, সেই শাশ্বত সনাতনকে বরণ কর। শঙ্খধ্বনির ছন্দে ছন্দে যাহাদের কানে এই মন্ত্র ঝঙ্কার দেয়—প্রেমময়কে—আনন্দময়কে—ভূমাকে বরণ কর, তাহারাই জীবনরথের সারথিরূপে দেখিতে পায় আমার হৈমবতীকে—পার্থসারথিরূপে। এই সারথি দুষ্ট অশ্বসকলকে—ইন্দ্রিয়গণকে সুপথে পরিচালিত করিয়া শান্তিময়ধামে পৌঁছাইয়া দেন।

গুরুই গোবিন্দমূর্ত্তিতে হৃষীকেশমূর্ত্তিতে সারথি-মূর্ত্তিতে জীবনরথের সারথি হন। বামে নমঃ গুরবে নমঃ বলিয়া তাই সাধকগণ গুরুকে প্রণতি জানান। বামে—জীবনের দুর্দ্দিনে, দুর্বিপাকে গুরুই একমাত্র আশ্রয়। পিতামাতা, স্ত্রী-পুত্র সকলই সংসারের দিকে আকর্ষণ করে, বাম-পথে আকর্ষণ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুধু গুরুই—মুক্তিদাতা গুরুই উদ্ধারের পথ দেখান, দক্ষিণ-পথের সন্ধান বলিয়া দেন।

গুরু শুধু উপদেশ দিয়াই ক্ষান্ত হন না, তিনি সারথি হন। রথে বসিয়া—জীবনরথে বসিয়া জীবনকে পরিচালিত করেন। এই সারথি মূর্ত্তিই গোবিন্দমূর্ত্তি। যিনি গুরু তিনিই গোবিন্দ, তিনিই জীবনের অচ্যুত সারথি।

আমার এই হৈমবতী শুধু গুরু ও গোবিন্দ মূর্ত্তিতে দেখা দিয়া নিরস্ত হন না। গুরু মূর্ত্তিতে তিনি উপদেষ্টা, গোবিন্দমূর্ত্তিতে তিনি সারথি। গোবিন্দ সারথিমূর্ত্তিতে রথীকে পরিচালিত করেন। বিঘ্নবহুল সংসারের ঝঞ্ঝা দেখিয়া যে সাধক বৈরাগ্যের ভাণ করে তাহাকে তিনি ক্লীব বলিয়া তিরস্কার করেন। তাই গীতায় দেখা যায়—শ্রীকৃষ্ণ অর্জ্জুনের মোহযুক্ত বৈরাগ্য দেখিয়া তাহাকে ক্লীব বলিয়াই তিরস্কার করিয়াছিলেন। গীতায় পথের নির্দ্দেশ আছে, চলিবার পথে আশার বাণীও আছে। "তস্মাৎ যুদ্ধস্ব ভারত",—তুমি যুদ্ধ কর, কর্ম্ম কর, নিষ্কাম কর্ম্মযোগী হও। ভক্ত হও, জ্ঞানী হও,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগী হও এই নির্দ্দেশসূচক বাক্য রহিয়াছে। অভ্যাস কর, বৈরাগ্যবান হও। অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা আমাকে লাভ করিতে পারিবে। সব ত্যাগ করিয়া আমার শরণাপন্ন হও। আমি তোমাকে সংসার-কুম্ভীপাক হইতে উদ্ধার করিব। তুমি তোমার কর্ত্তব্য কর, তবে তোমার জন্য আমিও কিছু করিব। কিন্তু তুমি কিছু না করিলে আমাকেও সারথিরূপে পাইবে না। ইহাই গীতার নির্দ্দেশ। সারথি রথ চালায়, কিন্তু রথীকেও অস্ত্র নিয়া যুদ্ধ করিতে হয়, ইহাই গীতার নির্দ্দেশ।

এই নির্দ্দেশে চলিতে চলিতে রথী একদিন ধনুর্ব্বাণ ত্যাগ করিয়া সখা শ্রীকৃষ্ণকে মা বলিয়া, একান্ত আশ্রয় বলিয়া শিশু পুত্রের ন্যায় তাঁহার কোলে ঝাঁপাইয়া পড়েন। বলেন—তুমি সখা নহ, তুমি শুধু সারথি নহ, তুমি জননী। তুমি একান্ত আশ্রয়। আমি রণে আহত, ক্ষতবিক্ষত। তুমি এইবার মা হইয়া আমার উদ্ধারের জন্য নিজেই রণক্ষেত্রে অবতীর্ণ হও। তুমি গাণ্ডীব ধর, তুমি রণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মর্ষি সত্যদেব মায়ের এই অভিনব রূপ দেখিয়াই বলিয়া ছিলেন—গীতা সাধনার ভিত্তিস্বরূপ, চণ্ডী সৌধস্বরূপ। গীতায় গোবিন্দরূপে সখারূপে তিনি যুদ্ধ করিতে নির্দ্দেশ প্রদান করেন।

তিনি নিজে যুদ্ধ করেন না। আর চণ্ডীতে মা রণক্ষেত্রে অবতীর্ণ হইয়া স্বয়ং যুদ্ধ করেন। পুত্রের জন্য নিজেই রণক্ষেত্রে অবতীর্ণ হন। শিশুপুত্রকে আশ্রিত পুত্রকে অঞ্চলে লুকাইয়া রাখিয়া নিজে রণরঙ্গিণী মূর্ত্তিতে রণে অবতীর্ণ হন। পুত্রকে বলেন—স্নেহের দুলাল, তোমার আর ভয় নাই। এই দেখ তোমার অরিকুলের বিরুদ্ধে আমি রণে স্বয়ং অবতীর্ণ হইয়াছি। "দৈত্যানাং দেহনাশায় ভক্তানাং অভয়ায় চ", এতদিন তুমি মা বলিয়া ডাক নাই, তাই আমিও প্রতীক্ষায় বসিয়াছিলাম। এতদিন তুমি নিজেকেই বলবান মনে করিতে, তাই আমি দূরে দাঁড়াইয়া ছিলাম। এইবার তুমি বুঝিয়াছ—তুমি বলবান নহ—শিশু, একান্ত আশ্রিত। তাই আমিও আর প্রতীক্ষা করিতে পারি নাই। এস শ্রান্ত, এস ব্যথিত, এস আর্ত্ত পুত্র আমার, আমার অঞ্চলে এস।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর ভয় নাই। তোমার জীবনের সমস্ত ভার আমি গ্রহণ করিয়াছি।

সাধকের জীবনে প্রথম ভগবান দেখা দেন নরদেহ ধারণ করিয়া গুরুমূর্ত্তিতে। ব্রহ্মনিষ্ঠ গুরু সাধককে উদ্বোধিত করেন, তাহার অন্তরে শুভেচ্ছা জাগাইয়া দেন। ছিঃ এমন করিয়া চলিও না, কামে, ক্রোধে এমন করিয়া মত্ত হইও না। সংযত হও, তিতিক্ষাপরায়ণ হও, ভগবানের আশ্রয় গ্রহণ কর। এইরূপ নানাবিধ উপদেশ প্রদান করিয়া গুরু শিষ্যকে উদ্বোধিত করেন। তারপর দেহ ও চিত্ত একটু স্বচ্ছ হইলে সেই অখণ্ডমণ্ডলাকারকে সেই চরাচরে ব্যাপ্ত চিন্ময় বিভুকে লাভ করিবার পথ বলিয়া দেন। কিছু পাথেয় দেন। সাধক যম, নিয়ম প্রভৃতি নিয়মের বাঁধনে জীবনকে বাঁধে। জাগতিক ভোগ হইতে নিজেকে বাঁচাইতে চেষ্টা করে। সংসার তিক্ত বোধ হয়। সাধনায় নিষ্ঠা আসে। গুরু ও বেদান্তবাক্যে শ্রদ্ধা আসে।

সেই শ্রদ্ধাবান সাধক একদিন দেখিতে পান—অনুভব করেন, গুরু শুধু উপদেষ্টা নহেন, তিনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবনের সারথি। তিনি শুধু পথ দেখাইয়া দেন না, তিনি দিব্যপথে রথকে পরিচালিত করেন। ইন্দ্রিয়রূপ ঘোড়ার রজ্জু তিনি টানিয়া ধরেন। ইন্দ্রিয়গুলি পূর্ব্বে সারথিবিহীন ঘোড়ার ন্যায় উন্মত্ত-প্রায় যদৃচ্ছাভাবে ছুটিতেছিল। এইবার সারথি রজ্জু আকর্ষণ করিয়া ধরিলেন। গুরু গোবিন্দমূর্ত্তিতে জীবনের অচ্যুত সারথি হইলেন। তাই সাধক গোবিন্দকে জীবনরথে দেখিয়া বন্দনা করে— "গুরু ব্র্হ্মা গুরু র্বিষ্ণু—"

সাধক বলেন—হে নাথ! তুমি শুধু উপদেষ্টাই নহ, তুমি সাথী, তুমি সারথি, তুমি আমার মনের অধিপতি ব্রহ্মা, তুমি আমার প্রাণের অধিপতি বিষ্ণু, তুমি গোবিন্দ। তুমি আমার জীবন-যমুনার পুলিনে পুলিনে দিব্য বাঁশরী বাজাও। 'কলবেণু বাদনপরং দিব্যাঙ্গ ভূষং ভজে', কৈ, তোমার নরদেহ ত আর নাই, এ যে তোমার দিব্য অঙ্গ। দিব্য অঙ্গ নিয়া আমার জীবন রথের তুমি সারথি সাজিয়াছ। জাগরণের মন্ত্র আর কানে কানে ব'ল না, এবার হৃদয়ে বসিয়া প্রাণে প্রাণে দিব্যবাণী বল, সারথি হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখাও। 'তস্মাৎ যুদ্ধস্ব ভারত'। তুমি আমাকে ভা-রত বল, আমার অন্তরে জ্ঞানশিখা জ্বালিয়া তুমি গোবিন্দরূপে অধিষ্ঠিত হও। তোমাকে দেখিবার চক্ষু দান কর, আর আমাকে ভা-রত বলিয়া উৎসাহিত কর। কিন্তু সুচতুর তুমি, এখানেও আমাকে যুদ্ধ করিতে বল। সংসার-রণক্ষেত্রে আমাকে শ্রান্ত দেখিয়াও যুদ্ধ করিতেই নির্দ্দেশ দাও। সমস্ত জীবনের ভার এখানেও তুমি গ্রহণ কর না, কারণ তখনও আমার অহঙ্কার সম্যক্ দূর হয় না।

গুরুর—দেহধারী গুরুর অমৃতময় উপদেশ শুনিতে শুনিতে শিষ্যের অন্তরস্থিত সুপ্ত চেতনা জাগিয়া উঠে। তখন কুকার্য্য করিতে বা কুপথে চলিতে গেলেই অন্তর হইতে বাধা পাওয়া যায়। মন নিজের কাছেই নিজে লজ্জিত হয়। গুরুর উপদেশে সুপথে বিচরণ করিতে করিতে মন ক্ষীণ হয়। সাধক তনুমানস হয়। মন ক্ষীণ হইলেই বাহিরের ভোগ আকাঙ্ক্ষা আরও কমিয়া যায়।

গোবিন্দ সুপথে রথকে চালাইতে চালাইতে বলিতে থাকেন—দেখ, দেখ বৎস—'বাসুদেব সর্ব্বম্'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসুদেবই সব-রূপে রূপ মিশাইয়া নাম ও রূপ আকারে বিশ্বসাজে সাজিয়া তোমার সঙ্গে খেলা করিতেছেন। 'অহং আদিশ্চ মধ্যঞ্চ ভূতানাং অন্তএব চ'। আমি সমস্ত চরাচরের আদি অন্ত ও মধ্য। আমাকে বাদ দিয়া কোন চরাচরের অবস্থিতি নাই; যেমন মাটিকে বাদ দিয়া মৃন্ময় ঘট থাকে না। আমাকে রূপে রূপে প্রতিরূপে দেখ, আমাকে নামে নামে প্রতি নামে মনন কর।

গোবিন্দের উপদেশে সর্ব্বভূতে তাঁহাকে দর্শন ও মনন করিতে করিতে, গোবিন্দের উপদেশে প্রতি নামে তাঁহাকে শ্রবণ ও মনন করিতে করিতে সাধকের মন ক্ষীণ হয়, বিষয়ে বিতৃষ্ণা আসে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রীদুর্গা

দেব-সংঘ
বৈদ্যনাথ—দেওঘর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪)

হৈমবতীই দুর্গারূপে

গুরুর উপদেশে শুভেচ্ছা হয়। গোবিন্দ সারথিরূপে সুপথে বিচরণ করান। এইরূপে মন ক্ষীণ হয়। মন ক্ষীণ হইলে অর্থাৎ তনু হইলে সত্তার অনুভূতি আসে। ইহাই চতুর্থ ভূমি। যিনি চিরসৎ, বিশ্বের নামরূপের পরিবর্ত্তন হইলেও যাঁহার পরিবর্ত্তন হয় না তিনিই সৎ।

"নাসতো বিদ্যতে ভাবো না ভাবো বিদ্যতে সতঃ" এই সতের কখনও অভাব হয় না। তিনি আধার-রূপে বিশ্বের নামরূপকে অঙ্গে ধারণ করিয়া রাখিয়াছেন। নামরূপ বুদ্‌বুদের ন্যায় তাহাতেই ফুটিতেছে ও লয় পাইতেছে। সমুদ্রে যেমন শত শত বুদবুদ উঠে আর লয় পায় সেইরূপ এই চিন্ময় সত্তায় বিশ্বের অনন্ত নামরূপ উদ্ভূত হইতেছে ও লয় হইতেছে। সত্তার নাশ নাই। নামরূপের নাশ হয় ও পরিবর্ত্তন হয়। সাধক চতুর্থ ভূমিতে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্তার অর্থাৎ এক বিরাট চিন্ময় সত্তার সন্ধান পান। এই সত্তাই বিশ্বের আশ্রয়, বিশ্বজননী।

অন্তরে ও বাহিরে অনন্ত নামরূপের মধ্যে এই সৎস্বরূপা মা প্রথম ধরা দেন। 'যদ্ যদ্ হি দৃশ্যং খলু সৈব মাতা' এই কথা বলিতে বলিতে সাধক মাকে প্রণতি জানান। 'অনন্তরূপায় নমো নমস্তে' বলিয়া সাধক মাকে প্রণতি জানান। 'নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে' বলিয়া সাধক মাকে প্রণতি জানান। দূরে অন্তিকে সকলের অন্তরে বাহিরে এই মাকে দেখিয়া প্রণতি জানান। মহৎ হইতেও মহৎ, বিরাট হইতেও বিরাট এক চিন্ময়ী মায়ের সন্ধান এই চতুর্থ ভূমিতে পাওয়া যায়। কল্পনার মা নহে, জীবন্ত বাস্তব মা।

সারথি রথকে চালাইয়া রথীকে সাধককে এই চিন্ময়ধামে পৌঁছাইয়া দেন। ইহাই মায়ের দুর্গামূর্ত্তি। জীবনের দুর্গতির—নামরূপের পিছনে ছুটিবার দুর্গতির অবসান হয় মায়ের এই স্নেহমাখা কোলের সন্ধান পাইলে। এ একটি নীরস তত্ত্ব নহে। স্নেহে ভরা, কোমলতায় পরিপূর্ণ এই মায়ের অন্তর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমরা শুনিয়াছ—শ্রীকৃষ্ণ যখন রাসলীলা করিতে করিতে শ্রীমতীকে স্কন্ধে উঠাইয়া লীলা করিতেছিলেন তখন শ্রীমতীর অভিমান আসে। তিনি মনে মনে ভাবেন আমিই গোপীদের মধ্যে শ্রেষ্ঠ। অভিমান আসিলেই ভগবান অন্তর্হিত হন। সাধকমাত্রেই শ্রীমতী—রাধিকা—আরাধিকা। আরাধনা করিতে করিতে যখন এই সত্তারূপী চিন্ময় ভগবানের, মায়ের সন্ধান পাওয়া যায় তখন সাধক দেখিতে পান, মা তাহার জীবনের ভার গ্রহণ করিয়াছেন, বহন করিতেছেন। আর পায়ে কাঁটা ফুটিবে না, আর গায়ে আঁচড় লাগিবে না। আমার জীবনের ভার স্বয়ং তিনি গ্রহণ করিয়াছেন। আমি তাঁহাতেই স্থিত, যেন সিন্ধুর বুকে বিন্দু। প্রথম মাকে লাভ করিয়া খুবই আনন্দ হয়, শেষে আসে অভিমান। শুধু অভিমান নহে, অহঙ্কার। "কোঽন্যোঽস্তি সদৃশো ময়া', আমার চেয়ে ভাগ্যবান কে আছে? এই অহঙ্কার আসিলে মা অন্তর্হিত হন। আবার নাম রূপের মধ্যে বহুর মধ্যে অশুভের মধ্যে নিক্ষেপ করেন। নিক্ষেপ তিনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন না, সাধক অহঙ্কারের বশে নিম্নগামী হইয়া পড়েন।

মনে পড়ে প্রথম যে দিন এই বিরাট চিন্ময়ী মায়ের সন্ধান পাই সেই দিনটী কি পবিত্র কি গৌরবময় বোধ হইয়াছিল। লক্ষ লক্ষ জন্মের সন্তাপ, লক্ষ লক্ষ জন্মের গ্লানি দূর হইয়াছিল সেই দিন। মা যখন সহস্র বাহু বাড়াইয়া সারথিমূর্ত্তি ত্যাগ করিয়া স্নেহময়ী মাতৃমূর্ত্তিতে আলিঙ্গন করিয়াছিলেন মনে পড়ে সেই পুণ্যতিথির কথা। মুখ হইতে অলক্ষ্যে কে যেন বলিল—

"ন পুণ্য পাপে মম নাস্তি নাশো"

পাপে আমার নরক ভোগ নাই, পুণ্যে আমার স্বর্গ ভোগ নাই। আমি যেন নিত্যমুক্ত স্বভাববান্। আমি চির উজ্জ্বল, শান্ত, বিরাট।

কিন্তু জীবনের দুর্গতি কি একদিনেই যায়। অহঙ্কার, জীবত্বের অহঙ্কার, বহু ভোগলোলুপ অহঙ্কার সেই কোল হইতে অলক্ষ্যে নামিয়া আসে। বেশী সুমিষ্ট জিনিষ যেমন অধিকক্ষণ খাওয়া যায় না। তেমনি সেই সুমধুর স্নেহমাখা বুকে অধিকক্ষণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবস্থান করা যায় না। মন হাঁপাইয়া উঠে। দেহ অবসাদগ্রস্ত হয়। কি যেন এক মোহমদিরা আসিয়া সেই কোল হইতে অলক্ষ্যে ছিনাইয়া লইয়া আসে।

ক্ষণে অসুর, ক্ষণে দেবতা, ক্ষণে নিষ্পাপ, ক্ষণে জ্বলন্ত পাপ। ক্ষণে পুণ্যবতী স্রোতস্বিনী, ক্ষণে হলাহলের বিরাট উৎস বলিয়া নিজেকে মনে হয়। বহুদিন এই দেবাসুর সংগ্রাম, এই উত্থান পতনের অভিনয় জীবনে চলিতে থাকে। সাধককে—পুত্রকে কোলে ধারণ করিয়া যিনি এইরূপ অভিনয় করেন তাঁহাকেই বলা হইয়াছে দুর্গতিহরা দুর্গা।

এই দুর্গা মাতৃমূর্ত্তিতে যেমন বুকে তুলিয়া লন্, তেমনি পুত্রের আসুরিক প্রবৃত্তি দেখিলে নির্ম্মমভাবে প্রহার করেন। নির্ম্মম—অতি নির্ম্মম, নিষ্ঠুর—অতি নিষ্ঠুর। একদিকে করুণাঘন, অপরদিকে ভীষণ হইতে ভীষণতর। তাঁহার সুরে, তাঁহার ছন্দে পুত্রের জীবনকে মিলাইয়া লইবেন বলিয়া এই নির্ম্মমভাবে অভিনয় করেন। ভূতের ওঝা ভূতকে তাড়াইতে যাইয়া যেমন রোগীর উপরেই অত্যাচার করে সেইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাও সাধকপুত্রের অন্তরস্থিত সমস্ত জঞ্জালকে দূর করিবার জন্য নির্ম্মমভাবে প্রহার করেন। তাই বাহির হইতে তাঁহাকে রণরঙ্গিণী মনে হয়।

'চিত্তে কৃপা সমরনিষ্ঠুরতা চ দৃষ্টা,
ত্বয্যেব দেবি। বরদে! ভুবনত্রয়েঽপি।'

চিত্তে কৃপা অথচ সমরনিষ্ঠুরতা, এই ত্রিভুবন মধ্যে একমাত্র তোমাতে দেখিতে পাওয়া যায়। তুমি নিষ্ঠুরতার কঠোর আবরণে নিজেকে লুক্কায়িত রাখিয়া সন্তানগণের প্রতি অসীম করুণাধারা বর্ষণ করিয়া থাক। তোমার যে সন্তানগণ যুগপৎ তোমাতে করুণা ও নিষ্ঠুরতা দেখিতে পায় তাহারাই ধন্য।

তুমি ভীষণং ভীষণানাং, কিন্তু গতিঃ প্রাণিনাং। বহু জন্মের লুক্কায়িত বাসনাকে দগ্ধ করিতে যাইয়া তুমি প্রলয়ঙ্করী মূর্ত্তি ধারণ কর। বাসনার বশে যখন আসুরিক প্রবৃত্তি প্রবল হয় তখনই তুমি যে পুত্রকে অধিক স্নেহ কর তাহারই জন্য ভীষণা মূর্ত্তিতে আবির্ভূতা হও। জাগাইবে বলিয়া, পঙ্ক হইতে উদ্ধার করিবে বলিয়া তুমি ভীষণা হও। পুত্রের জন্য চিরদিনই তুমি করুণাঘন। আর অসুরের জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি 'ভীষণং ভীষণানাং'। ভীষণ না হইলে, পাবক না হইলে, দহন না করিলে উত্তম গতি লাভ হয় না। উত্তম গতি দান করিবে বলিয়াই তুমি দহন কর। দুঃখ হরণ করিবে বলিয়াই আঘাত হান। (অন্তরের এইরূপ দেবাসুরসংগ্রামের কথা 'সাধন সমর' গ্রন্থে তোমরা দেখিতে পাইবে।)

আমার মা আসেন স্থূলে বিভিন্ন দেব দেবীর রূপ ধারণ করিয়া। অন্তরের সংস্কার অনুরূপে কখনও কৃষ্ণ সাজেন, কখনও কালী হন। কখন দ্বিভুজা কখন চতুর্ভুজ. কখনও করালবদনা ঘোরা, আবার কখনও 'সৌম্যা সৌম্যতরাশেষ সৌমেভ্যস্ত্বতি সুন্দরী'। ক্ষণে দশপদবিশিষ্টা হইয়া মহাকালী মূর্ত্তিতে দশদিকে উন্মাদিনীর ন্যায় ছুটিয়া বেড়ান। ক্ষণে হৃদয়কমলে মহালক্ষ্মীরূপিণী হইয়া বিরাজিতা হন। একদিকে তুমি নির্লিপ্ত, অসঙ্গ, অপরদিকে তুমি জরামরণশীল, দুঃখদৈন্যক্লিষ্ট। অপূর্ব্ব তোমার এ লীলা অভিনয়! তুমি দিব্যচক্ষু দান করিলেই, তুমি নিজ হাতে হৃদয়কে স্বচ্ছ করিলেই তোমার এ লীলা অভিনয় দেখিবার সৌভাগ্য হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুধু একটী স্থানে তাঁহাকে পাই না। যেখানে অহঙ্কারে আমি রাজা হইয়া প্রভু হইয়া বসি সেইখানে তাঁহাকে পাই না। আমার অহঙ্কারকে চূর্ণ করিতে তাঁহাকেও কম লাঞ্ছিত হইতে হয় না। যিনি করুণাঘন তাঁহাকে নিষ্ঠুর হইতেও নিষ্ঠুর সাজিতে হয়। নির্ম্মম প্রহারে মলিন অহঙ্কারকে অপসারিত করিয়া যখন দিব্য ভূষায় আমাকে সাজাইবেন ভাবিয়াছেন তখন তাঁহার চোখে বারবার দেখিয়াছি ব্যথার অশ্রুকণা। আমার জীবত্বের অহঙ্কার তাঁহাকে ব্যথা দিয়াছে, অপমান করিয়াছে, বারবার উপেক্ষা করিয়াছে। এত অপমান, এত লাঞ্ছনা পাইয়া কোন প্রিয়জনই আর স্নেহের চক্ষে দেখিতে পারে না। কিন্তু মা যে আমার সত্যই মা।

"আর কেহ হ'লে
আসিত না ফিরে,
মা তুমি তাই এসেছ
কত লাঞ্ছনা কত গঞ্জনা
হাসিমুখে তুমি সয়েছ।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই মায়ের স্নেহকোমল মুখখানা দেখিলে, এই মায়ের তাপহরণ সুকোমল স্পর্শ অনুভব করিলে বিশ্বের সকলকে উপেক্ষা করা যায়। এই একজনের মধ্যেই সকল শান্তিসুধা পাওয়া যায়। পিতারূপে শাসন, মাতারূপে স্নেহ, বন্ধুরূপে ভালবাসা, পত্নীরূপে প্রীতি, কন্যা ও পুত্ররূপে ভক্তি এই একজনার নিকট হইতে পাওয়া যায়।

পিতেব পুত্রস্য সখেব সখ্যুঃ
প্রিয়ঃ প্রিয়ায়ার্হসি দেব সোঢুম্।

পিতা যেমন শিশু পুত্রের সমস্ত অপরাধ সহ্য করেন, বন্ধু যেমন প্রিয় বন্ধুর অত্যাচার সহ্য করে, প্রিয় যেমন অপ্রিয়বাদিনী ভার্য্যার দুর্ব্বাক্য সহ্য করে, এই স্নেহশীলা তাহা অপেক্ষাও অধিক সহ্য করেন, ক্ষমা করেন।

তিনি মাতা, ধাতা, পিতামহ। জীবন্ত, প্রাণবন্ত, রূপময়, ভাবময়। তাঁহাকে রূপে পাই, অরূপেও পাই। মনের সূক্ষ্মস্তরে যেখানে কেহ প্রবেশ করিতে পারে না, কল্পনার গুপ্তকক্ষে যেখানে কাহারও দৃষ্টি যায় না, সেইখানে সেই গুপ্তগৃহেও আমার মা প্রবেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন। হেসে হেসে নেচে নেচে স্মিতহাস্যে মনের গহন রাজ্যে প্রবেশ করেন। সেই বিজন গুহা যখন তাঁহার অঙ্গ কান্তিতে আলোকিত হয় তখন স্পষ্ট ধরা পড়ে বহু জন্মের সঞ্চিত অঙ্কুরিত মুকুলিত ও প্রচ্ছন্ন বাসনার বীজ সকল। নিজের জীবন—চিত্র দেখিয়া ভীত হইতে হয়। মা হাসিয়া বলেন—আমি আসিয়াছি।

'নহি কল্যাণকৃৎ কশ্চিৎ দুর্গতিং তাত গচ্ছতি'; আমি যখন স্পর্শ করিয়াছি, আমি যখন সোহাগভরে চুম্বন করিয়া কোলে তুলিয়া লইয়াছি, তখন তোমার অকল্যাণ কখনও হইবে না। একটু প্রতীক্ষা কর, প্রচ্ছন্ন বীজগুলিকে ভর্জ্জিত করিব, অঙ্কুরিত বীজ সকলকে দগ্ধ করিব, আর ঐ মুকুলিত বাসনারাশিকে উৎপাটিত করিব। যে বাসনার মূল চারিদিকে ছড়াইয়া পড়িয়াছে—তোমাকে জড়াইয়া ধরিয়াছে তাহাকে সমূলে উৎপাটিত করিব।

বিকারগ্রস্ত রোগী যেমন সুচিকিৎসককেও শত্রু বলিয়া ভাবে, সেইরূপ সংসার ভোগে লিপ্ত জীব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহার ভোগে যখন বাধা পায় তখন আমার মাকে পাষাণী বলে, প্রলয়ঙ্করী বলে। তাঁহাকে বলে তুমি আমার জীবনের সব বাঁচাইয়া জীবনের একপ্রান্তে পাহারায় নিরত থাক। তোমার আদেশে আমি চলিব না, আমার আদেশে তুমি আমার বাসনা সকল পূর্ণ কর। তুমি আমার সংসার, স্ত্রী পুত্র পরিজন, এমন কি ঘরের ভাঙ্গা ঘটী বাটী পর্য্যন্ত সব ঠিক রাখ। তোমার জন্য তোমাকে চাহি না, আমার সর্ব্বনাশ করিয়া তুমি অধিষ্ঠিত থাক ইহাও চাহি না, আমার সব বাঁচাইয়া, রক্ষা করিয়া তুমি আমার ঘরে থাক। প্রদীপকে যদি কেহ বলে—তুমি জ্বলিয়া উঠ, কিন্তু আমার ঘরের কৃত্রিম জিনিষগুলিকে অন্ধকারে ঢাকা থাকিতে দিও; ইহাও কি সম্ভব? প্রদীপ জ্বলিলে অন্ধকারকে যাইতেই হইবে। মা আসিলে বাসনা কামনা দূর হইবেই। কিন্তু হৃদয় তাহা সহজে মানিতে চাহে না, মন তাহাতে সায় দেয় না। তাই আমার মা হৃদয়মন্দিরের দ্বারে দ্বারে ঘুরিয়া বেড়ান, উপেক্ষিত হন। হাসিয়া আসেন, কাঁদিয়া ফিরিয়া যান। অপরাধিনীর ন্যায় তাঁহাকে আসিয়া বারবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুদ্ধ কপাটের পাশে দাঁড়াইতে হয়। অনূঢ়া কন্যার ন্যায় সময় সময় তাঁহাকে গলগ্রহ মনে হয়। কিন্তু তবু তাঁহাকে আসিতে হয়, তবু তাঁহাকে স্নেহ করিতে হয়, তবু তাঁহাকে রুদ্ধ কপাটের ফাঁকে ফাঁকে একটু পথ করিয়া লইতে হয়। জীবনের ভার যে মা গ্রহণ করিয়াছেন, জীবনের ভার গ্রহণ করিয়াছি বলিয়া যে মা প্রতিজ্ঞা করিয়াছেন, তাঁহার যে আর ত্যাগ করিয়া যাইবার পথ নাই।

তোমরা ঘর কাঁদিয়াছ স্ত্রী পুত্র পরিজন বৈভব নিয়া। আমি ঘর কাঁদিয়াছি আমার এই মাকে নিয়া, আমার এই অনূঢ়া কন্যাকে নিয়া। সুখে দুঃখে, প্রশংসায় কলঙ্কে, মানে অপমানে, তাঁহারই সঙ্গে জীবনের অভিনয় চলিয়াছে। এমন কল্যাণদায়িনী মাকে পাইয়াছিলাম বলিয়াই, এমন প্রিয় সুহৃদকে পাইয়াছিলাম বলিয়াই আজ তোমাদিগকে পাইয়াছি। জীবনের সমস্ত মোহজাল ছিন্ন করিয়া অন্তর বাহির আলোকিত করিয়া আমার এই মা তাঁহার স্নেহঘন বুকখানায় জড়াইয়া ধরিয়াছেন বলিয়াই আজ তোমাদিগকে কাছে পাইয়াছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার ধন, আমার পুণ্যবল, আমার বিদ্যা, আমার ধী এই বিশ্বেশ্বরী দুর্গতিহরা দুর্গা।

ভাবিয়াছিলাম আমার জীবনের এই রাজ-রাজেশ্বরীকে স্থূলমূর্ত্তিতে বাহিরে প্রতিষ্ঠা দিব না। গোপনের ধন গোপনেই রাখিব। কিন্তু তোমাদের ভাগ্য প্রসন্ন, তাই এই রাজ-রাজেশ্বরী স্থূল মূর্ত্তিতেও প্রতিষ্ঠিত হইলেন।

শোন সেই কথা—মোক্ষস্বরূপিণী মা হৈমবতী আর মোক্ষদায়িনী এই দুর্গা। দুঃখে দুর্দ্দিনে এই দুর্গা কোলে করিয়া বক্ষে ধরিয়া পুত্রকে বহন করেন। তোমরা এই দুর্গাকে শুধু পৌরাণিক দুর্গা ভাবিয়া উপেক্ষা করিও না। ইঁনি প্রতি জীবের জীবন সঙ্গিনী, আশ্রয়দায়িনী, দুঃখবিমোচনী, অভয়া, বরদা। তপস্বীর জীবনে এই দুর্গাই পরমবান্ধব, একান্ত আশ্রয়। তাই গুপ্ত হৃদয়ের গুপ্ত নিধিকে যক্ষের ধনের ন্যায় গোপনেই রাখিব ভাবিয়াছিলাম। মায়ের একান্ত আগ্রহে, শুধু আগ্রহে নহে, অনুরোধে তাঁহাকে স্থূলে রূপ দিতে হইল। যখন কথা হইল মন্দিরে হৈমবতীরই প্রতিষ্ঠা হইবে দুর্গামূর্ত্তির নহে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখনই কানে কানে একটি ধ্বনি বাজিত—আমিও দুর্গামূর্ত্তিতে প্রতিষ্ঠিত হইব। আমাকে গোপনে না রাখিয়া স্থূলে প্রতিষ্ঠা দাও।

তাঁহার এই অনুরোধ উপেক্ষা করিয়াছি, বহুদিন উপেক্ষা করিয়াছি। ছোট অবুঝ কন্যার অনুরোধ তাহার পিতামাতা না রাখিলে যেমন ক্রুদ্ধ হয়, বিরক্ত হয়, ঘরের খেলনা, পুতুল ও জিনিষ পত্র ভাঙ্গিতে থাকে, সেইরূপ আমার সেই স্নেহের দুলালীও বিদ্রোহ ঘোষণা করিল। স্বপ্নে, জাগরণে বহু বিভীষিকা দেখাইতে লাগিল। তারপর আমি যাহাদিগকে বেশী স্নেহের চক্ষে দেখিয়াছি তাদের উপরও পীড়ন চলিল, অভয়ার এই ভয়মূর্ত্তি দেখিয়া তখনও ভীত হই নাই। ক্রমে প্রলয়ঙ্করী মূর্ত্তিতে ক্ষণে ক্ষণে দেখা দিতে লাগিল এই ক্ষেমঙ্করী। শান্ত-বেশ পরিহার করিল। ক্ষণে রুষ্ট, ক্ষণে তুষ্ট, ক্ষণে কোমল, ক্ষণে কঠোর এইরূপ বিভিন্ন ভঙ্গিমায় খেলিতে লাগিল। এদিকে হৈমবতীর মূর্ত্তি প্রতিষ্ঠা ও গঠন নিয়া প্রবল বিরোধের সৃষ্টি হইল। ধৈর্য্যের সহিত নীরবে আমার আদুরে কন্যার এই দুর্জ্জয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিমানের খেলা দেখিতেছিলাম। তাঁহার নিকট পরাজয় স্বীকার করিলাম, অনুরোধ রক্ষা করিব বলিলাম। অভিমানিনীর নিকট পরাজয় স্বীকার করিলেই জীবনে জয়ী হওয়া যায়। 'তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং'। বহু কলহের পর সন্ধি হইল। স্থির হইল তাঁহারও এক দিব্যমূর্ত্তির প্রতিষ্ঠা হইবে, তবে মন্দিরে নহে, আমার সাধনকক্ষে। মূর্ত্তি গঠনের ব্যয়ভার কে বহন করিবে তাহা এই চতুরা কন্যাই এক কৌশল জাল বিস্তার করিয়া স্থির করিয়া লইল। মার সেই কৌশল কলার কথা পরে তোমরা জানিতে পারিবে।

থাক দেবি আমার, যেমন ভাবে আমার জীবন যজ্ঞের পূর্ণাহুতি পর্য্যন্ত আমার সঙ্গে সঙ্গে থাকিয়া মোক্ষদায়িনীরূপে দর্শন দান করিয়াছ, সেইরূপ আশ্রয়তরু হইয়া থাক তোমার সমস্ত আর্ত্ত, দীন, পিপাসিত সন্তানদের জন্য। যাহারা তোমার পদ-প্রান্তে প্রণত হইবে, যাহারা ধ্যানে, জপে মননে তোমাকে হৃদয়ে স্থান দিবে, যাহারা পাদ্য, অর্ঘ্য, ধূপ, দীপ নৈবেদ্য দিয়া তোমার অর্চ্চনা করিবে, তুমিও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাদিগকে বাঞ্ছিত ফল দান করিয়া মোক্ষধামে পৌঁছাইয়া দিও। তুমি স্থূলে দেখা দিয়াছ, তুমি সূক্ষ্মে আশ্রয় দিও। তুমি এই ক্ষুদ্র মন্দিরে প্রতিষ্ঠিত হইলেও বিশ্বভুবনের কল্যাণদায়িনীরূপে চিরদিন অধিষ্ঠিত থাকিবে।

কল্যাণপথগামী—আত্মকল্যাণকামী সন্তানগণ তোমার পদপ্রান্তে উপনীত হোক্। তুমি তাহাদিগকে অভীষ্ট বর দান করিয়া প্রসাদ করিয়া লও।

প্রসীদ ভগবত্যম্ব ! প্রসীদ পুত্র বৎসলে !
প্রসাদং কুরু মে দেবি ! দুর্গে ! দেবি ! নমোঽস্তুতে ॥
দুর্গে ! দেবি ! নমোঽস্তুতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.........
Shri Ma Anandamayee Ashram
BANARAS

এস মা হৈমবতী

তোমাকে দেখিয়াছি—এই অষ্টভুজারূপে পুনঃ পুনঃ। একদিনে কিন্তু তুমি ধরা দাও নাই, দেখা দাও নাই। চন্দ্রকলার ন্যায় অন্তরাকাশে তুমি তিলে তিলে ধরা দিয়াছ, দেখা দিয়াছ। আনন্দানুগত বা অস্মিতানুগত সম্প্রজ্ঞাত যোগ হইতে ব্যুত্থিত হইবার কালে তুমি রূপময়ী হইয়া ধরা দাও, দেখা দাও। গভীর সমাধি অবস্থায় তুমি জীবত্বকে আপন আনন্দময় বিরাট্ স্বরূপে মিলাইয়া লও। দ্রষ্টা, দৃশ্য, দর্শন এক হইয়া যায়। তাই গভীর সমাধিতে তোমার অরূপ বিরাট্ সত্তার অনুভূতি লাভ হয়। অন্য কোন রূপ তথায় থাকে না। সেই সমাধি হইতে ব্যুত্থিত হওয়ার কালে তুমি দেখা দাও রূপময়ী হইয়া। লাবণ্যময় সুষমামণ্ডিত ঐ দিব্য মূর্ত্তি।

কোনদিন অলক্ষ্যে আসিয়া ঐ দিব্য রাতুল চরণ দুখানা আমার বক্ষে স্থাপন করিয়াছ, কোনদিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অলক্ষ্যে আসিয়া তোমার ঐ অভয় ও বরমুদ্রাখচিত হেমবর্ণের ভুজজালে বেষ্টন করিয়া ধরিয়াছ। কোন দিন অলক্ষ্যে আসিয়া তোমার পবিত্র ও স্নেহময় দৃষ্টিতে আমাকে বিমুগ্ধ করিয়াছ। তোমার প্রেমময় স্পর্শে, তোমার দিব্য দৃষ্টিতে, তোমার বাহুর বেষ্টনে বিহ্বল হইয়া চতুর্দ্দিকে তাকাইয়াছি, কিন্তু তোমার শান্ত সৌম্য মুখখানা দেখিতে পাই নাই। তুমি আসিয়াছ, বুকে বেষ্টন করিয়া ধরিয়াছ, কিন্তু মুখখানা লুকাইয়াছ। তুমি আসিয়াছ, তোমার মধুর কোমল হাতের স্পর্শ দিয়াছ, কিন্তু দিব্য চরণ দুখানা লুকাইয়াছ। তুমি আসিয়াছ, তোমার দিব্য চরণ দুখানা বক্ষে রাখিয়াছ, কিন্তু স্নেহমাখা বুকখানা লুকাইয়াছ। এভাবে বহুদিন খেলিয়াছ।

কারমাটারের নীরস, শুষ্ক, দুর্গম প্রান্তরে, কক্সবাজারের সমুদ্রতীরে ও শ্মশানে, বিন্ধ্যাচলে (চুনারে) পর্ব্বতগাত্রে ও অরণ্যে, হৃষীকেশ ও লছমনঝোলার গঙ্গার কল কল নাদে, হিমগিরির গুহায় ও গহ্বরে তোমাকে কতদিন খুঁজিয়াছি। তোমার লোভনীয় রূপের স্পর্শ যে পাইয়াছে সে ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanas

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাকে ভুলিতে পারে না। কিন্তু তুমি আসিয়াছ তোমার আংশিক রূপ নিয়া। তোমার লাবণ্য মণ্ডিত পূর্ণ অবয়ব নিয়া আস নাই, দেখা দাও নাই। তুমি আসিয়াছ নানা বিভূতিতে ভূষিত করিয়া প্রলুব্ধ করিতে, মোক্ষদায়িনীরূপে আস নাই।

পূর্ব্বেও বলিয়াছি—তুমি দশভুজারূপে দশদিক হইতে আমার চঞ্চল মনকে বাঁধিয়া ও শাসন করিয়া বিরাট্ চিন্ময় সত্তায় সমাহিত করিয়াছ। তুমি দশভুজা হইয়া আমার চক্ষুরাদি দশ ইন্দ্রিয়কে বাহির হইতে অন্তরে আকর্ষণ করিয়া লইয়াছ। "ইন্দ্রিয়াণাং অধিষ্ঠাত্রী ভূতানাঞ্চাখিলেষু যা। ভূতেষু সততং তস্যৈ ব্যাপ্তি দেব্যৈ নমোনমঃ" বলিয়া তোমাকে প্রণতি জানাইয়া এক চিন্ময় রাজ্যে প্রবেশ করিয়াছি। তুমি ধাত্রীরূপে ক্রোড়ে ধারণ করিয়া অশান্ত মনকে, বহির্মুখীন ইন্দ্রিয়কে, অপবিত্র দেহকে শুদ্ধ করিয়াছ। স্নেহে, মমতায় পরিপূর্ণ দেখিয়াছি তোমাকে। স্বেচ্ছায় নিপতিত কত মোহগর্ত্ত হইতে, কত আবর্ত্তন বিবর্ত্তন হইতে তুমি তোমার স্নেহমাখা বুকে তুলিয়া লইয়াছ। হাসিয়া হাসিয়া বলিয়াছ—"আমি দুর্গতিহরা দুর্গা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহা আমার সিদ্ধ স্বরূপ নহে। দেবতাগণ বৈদিক যুগে আমার যে সিদ্ধ স্বরূপ দেখিয়াছিল সেই দিব্যরূপে তোমাকে একদিন দর্শন দিব।"

সমাধিতে—বিতর্ক, বিচার, আনন্দ ও অস্মিতানুগত সবিকল্প সমাধিতে যে বিরাট্ সত্তার অনুভূতি পাওয়া যায় তাহা কেবল অনুভবগম্য 'মূকাস্বাদনবৎ'। যে অনুভব করে, যে সম্প্রজ্ঞাত যোগে প্রবেশ করে কেবলমাত্র সেই সাধকই ঐ রাজ্যের সুখ অনুভব করে। অন্য লোক সেই রস আস্বাদন করিতে পারে না। তাহাকে বলিবার ও বুঝাইবার ভাষাও পাওয়া যায় না। আমার দুর্গতি-হরা দুর্গা জননী তাঁহার প্রিয় সন্তানগণকে এই সবিকল্প ভূমিতে পৌঁছাইয়া দেন। বহু সাধক এই রাজ্যে প্রবেশ করিয়া বিভূতি লাভের প্রত্যাশী হয়। মায়ের বিভূতি দেখিয়া তুষ্ট হয় না, মায়ের ধনকে নিজের ধন বলিয়া মনে করিতে পারে না। দুর্ভাগ্য জীব মায়ের ধনে নিজের চিহ্ন অঙ্কিত করিয়া জগতে মহিমান্বিত হইতে চায়। তাই মাও মোক্ষদায়িনীরূপে দর্শন দান করেন না। আবার কোন কোন সাধক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দানুগত ও অস্মিতানুগত সম্প্রজ্ঞাত যোগে দৃঢ় প্রতিষ্ঠিত হইতে হইতে অসম্প্রজ্ঞাত যোগে স্থিতিলাভের চেষ্টা করেন। জগতের কথা তাঁহারা ভুলিয়া যান। তাঁহারা ভাগ্যবান সন্দেহ নাই। কিন্তু কোন কোন সাধককে মা সম্প্রজ্ঞাত যোগ হইতে ব্যুত্থিত করিয়া দিব্যরূপে দর্শন দান করেন। সিদ্ধভূমি হইতে দেবভূমিতে অবতরণ না করিলে এই দিব্যরূপের দর্শন ঘটে না। তাই বেদে উপনিষদে দেখা যায় দেবতাগণকে মা হৈমবতীরূপে দর্শনদান করিয়াছিলেন।

আমার জীবত্বকে নিয়া—আমার দেহ, মন, ইন্দ্রিয়কে নিয়া জগৎ ভোগের সাধ যখন মিটিল তখন মা বহন করিয়া নিয়া গেলেন ঐ সম্প্রজ্ঞাত ভূমিতে। দুর্গা—দুর্গতিহরা দুর্গা, করুণাময়ী দুর্গা—এইখানেই আসিয়া আত্মগোপন করেন, অন্তর্হিত হন। দুঃখরূপ সংসার-কটাহ হইতে উদ্ধার করিয়া এক আনন্দ সাগরে জীবন ভেলাকে ভাসাইয়া দেন। হাসিয়া হাসিয়া বলেন—যাও, ঐ আনন্দ সাগরে নিমজ্জিত হও। পরিচারিকা যেমন সমস্তদিন শিশুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মলমূত্র অম্লানবদনে পরিষ্কার করে ও শিশুকে যত্নে স্নান আহার করায়, শেষে নিদ্রাবিষ্ট শিশুকে তাহার মায়ের কোলে অর্পণ করিয়া হাসিমুখে গৃহের এক প্রান্তে নিজের মলিন ছিন্ন বিছানায় উপবেশন করে; সেইরূপ আমার মা তাপদগ্ধ পাপদগ্ধ সমস্ত জীবকে দুর্গতিহরারূপে পরিচারিকার ন্যায় সেবা করিতে করিতে মোক্ষধামের দ্বারে পৌঁছাইয়া দেন।

সাধক! ভাবিও না আমার দুঃখহারিণী দুর্গা ও মোক্ষদায়িনী হৈমবতী দুইজন। একজনই বিভিন্ন রঙ্গমঞ্চে, বিভিন্নভাবে ও পরিচ্ছদে ভূষিত হইয়া অভিনয় করেন 'মাত্র। সাধনা জগতে যিনি বুকে ধরিয়া বহন করিয়া বেড়ান তিনিই দুর্গা বলিয়া পরিচয় দেন। সাধনার পরপারে আবার যিনি আসিয়া দিব্যরূপে দর্শন দান করেন তিনিই হৈমবতী বলিয়া খ্যাতি লাভ করেন।

নির্ব্বিকল্প সমাধিতে—অসম্প্রজ্ঞাত যোগে যাহাকে মা ডুবাইয়া রাখিতে চাহেন না তাহাকেই দেবভূমিতে নামাইয়া নিয়া আসেন। এই দেব-ভূমিতেই হৈমবতীর দর্শন লাভ ঘটে। সম্প্রজ্ঞাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগের গভীর অবস্থায় অবস্থিতি অপেক্ষা এবং অসম্প্রজ্ঞাত যোগ অপেক্ষা ইহা শ্রেষ্ঠ-ভূমি তাহা আমি বলিতে পারি না। সম্প্রজ্ঞাত যোগে আনন্দানুগত ও অস্মিতানুগত ভূমিতে যে গভীর আনন্দের অনুভূতি লাভ হয় এ দেবভূমি তাহা অপেক্ষা সুখকর এ কথাও আমি বলিতে পারি না। অসম্প্রজ্ঞাত যোগ অপেক্ষা এই 'রূপ' দর্শনের ভূমি অধিক আনন্দদায়ক এ কথাও আমি বলিতে চাহি না। আমার মা আমাকে অসম্প্রজ্ঞাত যোগে দীর্ঘক্ষণ অবস্থান করিতে দিলেন না। আমার মা সম্প্রজ্ঞাত ভূমির গভীর অবস্থায় আমাকে দিনের পর দিন, মাসের পর মাস একান্তভাবে নিমজ্জিত থাকিতে দিলেন না।

যাঁহারা জীবনে সেই সুযোগ লাভ করেন তাঁহাদিগকে আমি ভাগ্যবানই মনে করি।

দেবতাদের কার্য্যসিদ্ধির জন্য যেমন মা নিজে তাঁহার নিত্যধাম হইতে আবির্ভূতা হন, সেইরূপ তাঁহার কোন কোন পুত্রকেও তিনি তাঁহার নিত্যস্বরূপে অবস্থান করিতে না দিয়া তাঁহার জগৎলীলার সহচর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন। সহচর না হইলে তাঁহার খেলা জমাট্ বাঁধে না। তাই আমার মাও আমাকে নিত্যস্বরূপে স্থায়ীভাবে অবস্থান করিতে দিলেন না, খেলার সহচর করিলেন। খেলিব না বলিয়া তাঁহার ইচ্ছাকে ঠেলিয়া চলিবার উপায় নাই। অবশ করিয়া তাঁহার খেলার সহচর করিয়া রাখেন। জীবভূমিতে বদ্ধাবস্থায় খেলার যত দুঃখ আছে, এ খেলায় তত দুঃখ না থাকিলেও সমাধিভূমির ন্যায় চরম সুখকর নহে। আমি স্বেচ্ছায় খেলায় যোগদান করি নাই, অবশ হইয়াই যোগদান করিয়াছি। খেলায় আমার তৃষ্ণা নাই, প্রতিমুহূর্ত্তেই অন্তর চাহিতেছে—কবে এই দেহপিঞ্জর হইতে, এই ইন্দ্রিয়ের সংস্পর্শ হইতে একেবারে বিমুক্ত হইয়া ঐ আনন্দসাগরে ডুবিয়া যাইব। খেলায় তৃষ্ণা মিটেনা, একান্ত ও অত্যন্ত দুঃখের নিবৃত্তি এই দেব-ভূমিতে হয় না। আমি অবশ—আমি সেই মায়ের বশ। তাঁহার সঙ্গেই খেলা, তাঁহার ঘরেই বসতি, তবু আমি তৃপ্ত নহি। আনন্দকে খণ্ড খণ্ড করিয়া ভোগ করিয়া আমার সাধ মিটিতেছে না। আমি আর চিনির আস্বাদন করিতে চাহি না, আস্বাদন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে করিতে, আকণ্ঠ পান করিতে করিতে চিনির সমুদ্রে নিমজ্জিত হইয়া তাঁহার সঙ্গে মিশিয়া যাইতে চাহি।

মায়ের অভিলাষ পূর্ণ করিবার জন্যই মায়ের খেলার সহচর হইয়াছি। আমার দেহকে নিমিত্ত করিয়া তিনি তোমাদের ও তাঁহার বিশ্বের মঙ্গলের জন্য একটী জয়পতাকার চিহ্ন রাখিবেন বলিয়া এই অভিনয় করিতেছেন। মুমুক্ষু পথিক এই পান্থশালা দেখিয়া দূর হইতে সমাগত হইবে, জয়পতাকা দেখিতে দেখিতে আসিয়া মায়ের দিব্যরূপ দেখিতে পাইবে।

তাই বুঝি তুমি আসিয়াছিলে, তাই বুঝি তুমি দেখা দিয়াছিলে, তাই বুঝি তুমি খেলিতে খেলিতে বলিতেছিলে—"আনন্দং ব্রহ্মণোবিদ্বান্ ন বিভেতি কদাচন।" ভয় করিও না, কখনও ভয় করিও না।

আমার আনন্দময় খেলাকে দেখিয়া ভয় করিও না। আনন্দের উদ্বেগে আমি বহু সাজিয়াছি। বহুর মধ্যে আমাকে যখন সাধকগণ না দেখিয়া অন্বেষণ করিতে বাহির হয়, তখন আমি অবতীর্ণ হই—বিশিষ্টরূপ নিয়া আবির্ভূত হই। কিন্তু দুঃখের বিষয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি স্থূলে মনুষ্যরূপে আসিয়া অবতীর্ণ হইলেও পাপকর্ম্মা ও পাপাত্মাগণ আমাকে দেখিতে পায় না। আমি আসি—দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থং, আমি আসি—পরিত্রাণায় সাধূনাং। আমি আসি—যখন দানবীয় শক্তি আমার দেবশক্তিকে পরাজিত করিয়া আসুরিক রাজ্য প্রতিষ্ঠা করে, 'তদা তদা অবতীর্য্যাহং করিষ্যাম্যরিসংক্ষয়ম্'। আমি অযোনিসম্ভবা, তাই লৌকিক নিয়মের ধরাবাঁধা পথেই মাত্র আসি না। আর্ত্ত দেবতাদের আর্ত্তনাদে আমি যোগমায়ারূপ পরিত্যাগ করিয়া মা হইয়া আসি। উৎপীড়িত দেবতাদের অন্তরের সম্বেগ হইতে আমি দিব্যরূপ নিয়া আবির্ভূত হই। আমি আমার লৌকিক নিয়মের মধ্য দিয়াও আসি। প্রসূতির গর্ভে দক্ষের আলয়ে আমি আসি। হিমালয়ের ঔরসে মেনকার ক্রোড়ে আমি অধিষ্ঠিত হই। আমি আসি—হিরণ্য-কশিপু, হিরণ্যাক্ষ, রাবণ ও কংসকে নিধন করিতে। আমি আসি—ক্রুশবিদ্ধ হইয়া বিশ্বের কল্যাণ সাধন করিতে। আমি আসি—রাজসিংহাসন ত্যাগ করিয়া ভিক্ষুবেশে অহিংসা ও প্রেমের বাণী প্রচার করিতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি আসি—বৃদ্ধা জননী ও যুবতী ভার্য্যাকে ত্যাগ করিয়া প্রেমাশ্রুতে জগতের পাপ বিধৌত করিতে। আমি আসি—দেবতাদের স্বাতন্ত্র্যবোধ ও অহঙ্কার দূর করিতে, অতীন্দ্রিয় রূপ হইতে ইন্দ্রিয় গ্রাহ্য হইয়া দিব্যরূপ ও ভাব নিয়া। আমি এক হইয়াও বহু হই, ভাবাতীত হইয়াও ভাবের বশ হই। নামরূপের ঊর্দ্ধ হইতে নাম ও রূপময় জগতে আসি, নাম ও রূপ গ্রহণ করিয়া পুত্রদের দুর্গতি-নাশের জন্য, পথ দেখাইবার জন্য।

আমার এই আনন্দের খেলা যাহারা দেখিয়াছে, আমার এই আনন্দের আগম ও নির্গম যাহারা দেখিয়াছে তাহারা, 'ন বিভেতিকুতশ্চন।' কোন কিছু হইতে ভয় পায় না। আমি যেমন আনন্দের খেলা খেলিতে নাম ও রূপময় হইয়া বিশ্বে আসি, ভক্তের অন্তরে আসি, তেমনি আমার ভক্তগণও আমার আগম ও নির্গমের পথ জানিয়া আমার লীলার সহচর হয়। নামরূপের মধ্যে থাকিয়াও তাহারা নামরূপ হইতে বিমুক্ত, তাই ভয় করে না, 'ন বিভেতি কুতশ্চন।' দ্বিতীয় হইতে ভয় হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার প্রিয় সন্তানগণ দ্বিতীয় কাহাকেও দেখে না, আমাকেই দেখে। আমাকে নিয়াই তাহার জন্ম মৃত্যু, আমাকে নিয়াই তাহার হাসি কান্না। আমি থাকি তাহার অন্তরে বাহিরে, আমি থাকি তাহার দূরে ও নিকটে, তাই আমার প্রিয় পুত্রগণ—'ন বিভেতি কুতশ্চন' 'ন বিভেতি কদাচন'। কখনও ভয় করে না, কোন কিছু হইতে ভয় করে না।

জানি মা, তোমার লীলাভিনয় আনন্দপ্রদ। স্বগতভেদময় তোমার লীলাভিনয় আর নূতন বন্ধন সৃষ্টি করে না। কিন্তু আমি বলিব—তোমার এই স্বগতভেদময় লীলাভিনয়ের ক্ষেত্র অপেক্ষা যেখানে কোন ভেদ নাই, শুধু তুমি মাত্র আছ সে স্থান আরও গভীর সুখময়, আনন্দময়।

তোমার সঙ্গে বাদানুবাদে প্রবৃত্ত হইতেছি না। প্রার্থনা জানাইতেছি অন্তে যেন তোমার সমস্ত লীলার ঊর্দ্ধে কেবল মাত্র আনন্দস্বরূপে স্থান পাই। খেলা আরম্ভ করিয়াছ, খেলিতেছি। কিন্তু থাকিয়া থাকিয়া জীবনের একতারায় একটি ধ্বনি শুধু বাজিতেছে, "যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে,"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"তদ্ধাম পরমং মম।" নামরূপের মধ্যে আসিয়া, এই বিশ্বে আসিয়া তুমিও লৌকিক দৃষ্টিতে অশেষ দুঃখ ভোগ কর। ভগবান রামচন্দ্ররূপে আবির্ভূত হইয়া তুমি কতই না দুঃখ ভোগ করিলে। নিরপেক্ষ দৃষ্টিতে দেখিলে বলিতে হয়, তুমি যখনই অবতীর্ণ হইয়াছ তখনই লাঞ্ছিত হইয়াছ। তোমাকেই যদি এই ধরায় আসিয়া লাঞ্ছিত হইতে হয় তখন তোমার আশ্রিতগণও এখানে নিশ্চিন্ত থাকিবে কিরূপে বল ?

যাক্, এইবার তোমার লীলার কথাই বলিব। অন্তরে সম্বেগ জাগাইলে তুমি আসিবে—বৈদিকযুগের আদর্শ নিয়া রূপময়ী হইয়া তুমি আসিবে। আচার্য্য বিজয়কৃষ্ণ, ব্রহ্মর্ষি সত্যদেব বৈদিক যুগের যে সাধনাকে আবার বিশ্বে প্রচার করিয়া গেলেন, সেই বাণীকে রূপ দিবার জন্য তুমি রূপময়ী হইয়া আসিবে। আচার্য্য বিজয়কৃষ্ণ ও ব্রহ্মর্ষি সত্যদেবের অন্তরে সাধনার যে বীজ ও বৃক্ষ রোপণ করিয়াছিলে তাহাকে ফলবতী করিবে তুমি রূপময়ী হইয়া স্থূলে প্রতিষ্ঠা নিয়া। মন্দাকিনী তুমি তাহাদের অন্তরে প্রবাহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া তাহাদের শিরে বর্ষিত হইয়া পতিতপাবনী গঙ্গা হইবে। তাঁহাদের ভাব ও সঙ্কল্পকে বাস্তবে রূপদান করিবার জন্য তুমি স্থূলে আসিবে, প্রতিষ্ঠিত হইবে।

"তব সিংহাসনের আসন হতে
এলে তুমি নেমে"

তুমি আসিলে—তোমার সচ্চিদানন্দ স্বরূপ হইতে নামিয়া আসিলে। তুমি একটু না নামিলে, তুমি কৃপা করিয়া ধরা না দিলে, তোমাকে ধরা যায় না, দেখা যায় না। আমাকেও তোমার বিরাট বুক হইতে নামাইয়া, তোমাকে মাতৃরূপে দেখিতে ও পাইতে সৌভাগ্যদান করিলে। মাতা ও পুত্র এই দুইটী ভাগ না হইলে খেলা হয় না, দেখা হয় না। স্বরূপ অবস্থায় মাতাপুত্র সম্বন্ধ নাই। তাই মাতাপুত্র সম্বন্ধ স্থাপন করিতে হইলে তোমাকেও নামিয়া আসিতে হয়, তোমার পুত্রকেও নামাইতে হয়। স্বগতভেদময় অবস্থায় আসিয়া তুমি মাতৃরূপে দর্শন দান কর। তোমার দিব্যমাতৃরূপ হইতে এমন আনন্দের ঢেউ প্রবাহিত হইতে থাকে, যাহাতে মনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় এই বিশ্ব তোমারই আনন্দের অভিব্যক্তি। প্রদীপ হইতে যেমন আলো বিকীর্ণ হয় সেইরূপ তোমার রূপকে কেন্দ্র করিয়া আনন্দের তরঙ্গ চতুর্দ্দিকে তরঙ্গায়িত হইতে থাকে। তোমার দিব্যরূপ হইতে এই চিন্ময় আনন্দের ঢেউ বিচ্ছুরিত হয়। তোমার সে অঙ্গকান্তি দিয়া, অঙ্গের আনন্দ লহর দিয়া দৃশ্যাদৃশ্য সমস্ত বস্তু নির্ম্মিত ইহা অনুভব হয়। কত সুন্দর তুমি, আনন্দের উৎস তুমি, ভাবের সিন্ধু তুমি। সেই আনন্দের তরঙ্গে নির্ম্মিত আমার জীবচেতনা, বিশ্বের সমস্ত জীবের জীবচেতনা। তোমার স্পর্শে তখন জীবচেতনাকে অতি উজ্জ্বল ও সুন্দর মনে হয়। পাঞ্চভৌতিক দেহাত্মবোধ তখন থাকে না। দেহ ও ইন্দ্রিয়বর্গ দিব্য উপাদানে নির্ম্মিত ইহাই অনুভব হইতে থাকে। আমি জীব নহি, তোমারই আনন্দের অংশস্বরূপ, লীলা সহচর, এইরূপ একটী অনুভূতি আসিতে থাকে। এমন দিব্য চেতনায় আমাকে জাগাইয়া তুমি আসিয়া মা হইয়া দাঁড়াও।

তোমার অঙ্গে দিব্যজ্যোতি, তোমার মুখে মধুর হাসি। তোমার চক্ষে করুণা, বক্ষে প্রেমসিন্ধু। সমস্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবয়বটী আনন্দ ও জ্যোতিতে গড়া। তুমি অজ ও এক। আবার তুমিই সৃষ্টি স্থিতি প্রলয়ঙ্করী। ইহা বুঝাইবার জন্য তুমি আসিলে অষ্টভুজা মূর্ত্তিতে। তোমার হেমবর্ণ দুইহাতে দেখিলাম বর ও অভয়। এই দুই বাহু তোমার অজ স্বরূপের প্রতীক। শুভ্র-বর্ণ দুইহাতে দেখিলাম ত্রিশূল ও ডমরু, শ্যামবর্ণ দুই হাতে দেখিলাম শঙ্খ ও চক্র, আর রক্তবর্ণ দুইহাতে দেখিলাম অক্ষসূত্র ও কমণ্ডলু শোভা পাইতেছে। ইহাতে সৃষ্টি স্থিতি ও প্রলয়ঙ্করী একমাত্র তুমিই ইহা বুঝাইতেছ। সিংহরূপী ভক্তের স্কন্ধে তোমার দক্ষিণ পা খানা। দিব্য আভরণে তুমি ভূষিত, দিব্য বস্ত্র পরিধান করিয়াছ। তবুও কাঁচা রূপের লাবনী অবনী বহিয়া যায়। আহা মরি মরি কি সুন্দর ভ্রূযুগল তোমার, আহা মরি মরি কি সুন্দর চিক্কণ কেশদাম, আহা মরি মরি কি সুন্দর নাসিকা, কর্ণ ও আঁখিযুগল তোমার, আহা মরি মরি! অষ্টৈশ্বর্য্য বিমণ্ডিত তোমার কি সুকোমল অষ্টবাহু, আহা মরি মরি কত সুধা তোমার বক্ষে, স্তনে। কি সুন্দর তোমার রাতুল চরণ যুগল, কি সুন্দর ভঙ্গিমায় আসিয়া তুমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাঁড়াইলে আমার হৃদয় সিংহাসনকে আলোকিত করিয়া।

নয়ন তৃপ্ত হইতেছে না, তোমাকে দেখিয়া বার বার দেখিয়াও নয়ন তৃপ্ত হইতেছে না। নয়ন তারায় তুমি আসিয়া অনুপ্রবিষ্ট হইলেও নয়নের সাধ যেন মিটে না। নয়নের সাধ মিটিলেও কণ্ঠ, হৃদয় ও বাহু লালায়িত হইয়া উঠে তোমার দিব্য পরশ পাইতে। 'প্রতি অঙ্গ লাগি কাঁদে প্রতি অঙ্গ মোর।' কিন্তু আমার প্রতি অঙ্গকে তোমার অঙ্গে মিলাইলে তুমিও থাক না, আমিও থাকি না, থাকে এক বিরাট আনন্দ সমুদ্র। কতবার তুমি তোমার দিব্যরূপে আমাকে আকর্ষণ করিয়া করিয়া ঐ আনন্দ সাগরে নিমজ্জিত কর। আবার তুমি তোমার সিংহাসন হইতে নামিয়া আইস। মা হইয়া দাঁড়াও, পুত্ররূপে তোমার চিন্ময় বুকের একপ্রান্তে আমাকেও রচনা কর।

'হৈমবতীং শরণমহং প্রপদ্যে'—বলিতে বলিতে যখন আমি আমার বাহুকে তোমার দিকে বিস্তার করি তখন তুমিও মাভৈঃ মাভৈঃ বলিয়া তোমার ভুজ-জাল আমার দিকে বাড়াইয়া ধর। 'হৈমবতীং শরণ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহং প্রপদ্যে’ বলিয়া যখন আমি লুণ্ঠিত হইয়া প্রণাম করি তখন তুমিও মাভৈঃ মাভৈঃ বলিয়া তোমার রাতুলচরণ আমার শিরে ও পৃষ্ঠে রাখ। ‘হৈমবতীং শরণমহং প্রপদ্যে’ বলিয়া যখন তোমার অনাবিল বক্ষে ঝাঁপাইয়া পড়ি তখন তুমিও মাভৈঃ মাভৈঃ বলিয়া আমাকে বক্ষে ও কণ্ঠে জড়াইয়া ধর, আমার ললাটে চুম্বন কর। এমনি করিয়া তুমি আমার পরিত্রাণের পথ উন্মুক্ত করিয়া দাও। তাই ত ঋষিগণ তোমাকে ‘সুতরসি তরসে নমঃ’ বলিয়া প্রণতি জানাইয়াছিলেন। আমিও আজ ঋষির কণ্ঠে কণ্ঠ মিলাইয়া বলিব, তোমার ধ্যানে ধ্যানমগ্ন হইয়া বলিব—

ত্বাম্ অগ্নিবর্ণাং তপসা জ্বলন্তীং,
বৈরোচনীং কর্ম্মফলেষু জুষ্টাং।
হৈমবতীং শরণমহং প্রপদ্যে,
সুতরসি তরসে নমঃ।

এই মন্ত্রে—এই বেদমন্ত্রেই তোমার ধ্যান করিব, তোমার অর্চ্চনা করিব।

দেখিলাম—তোমার সিংহাসনের পাশে দেবাদি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেব ইন্দ্র ধ্যানগম্ভীর মূর্ত্তিতে সমাবিষ্ট। তুমি ইন্দ্রের জননী। তাঁহাকেই তুমি পূর্ব্বে দর্শন দান করিয়াছিলে। তাই ইন্দ্রই তোমার আদিপুত্র। তোমার সেই স্নেহের পুত্রকে তোমার সিংহাসনের একপ্রান্তে স্থানও দিয়াছ। তাই ঋষিগণ তোমার অর্চ্চনা করিতে যাইয়া আবার গাহিলেন—

"উভে যদিন্দ্র রোদসী আপপ্রাথ উষা ইব
মহান্তং ত্বাং মহীনাং সম্রাজং চর্ষণীনাং
দেবী জনয়িত্রী অজীজনৎ ভদ্রা জনয়িত্রী
অজীজনৎ।"

আমিও তোমার ইন্দ্রতুল্য পুত্র হইয়া তোমার অর্চ্চনায় নিমগ্ন থাকিব। আর মনুষ্যজগতে—মরজগতে আমাকে নিক্ষেপ করিবে না। এই ইন্দ্রত্ব হইতে এই দেবত্ব হইতে আমাকে মোক্ষধামে পৌঁছাইয়া দিবে। যতদিন তোমার খেলা করিবার ইচ্ছা ততদিন আমাকে দেবতুল্য করিয়া রাখিবে। দেবতা না হইলে তোমার দর্শন পাওয়া যায় না। তুমি দিব্য চক্ষু দান করিয়া প্রথম দেবত্ব দান কর, তারপর দর্শন দাও। তুমি দিব্যস্পর্শ দান করিয়া জীবত্বকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভুলাও, তবে দর্শন দান কর। তোমার স্পর্শে, তোমার আশীর্ব্বাদে জীবত্ব না ঘুচিলে, দেবত্ব লাভ না হইলে, ব্রহ্মত্বেও পৌঁছান যায় না। তুমি ব্রহ্মত্বে না পৌঁছাইয়া দিলে পুণ্য ক্ষীণ হইলে আবার মর্ত্ত্যলোকে আসিতে হয়। দেবলোকেও অবস্থান করা যায় না। তাই বলি দেবি, দেবত্ব লাভই আমার ঈপ্সিত বস্তু নহে। তুমি দেবত্ব হইতে খেলিতে খেলিতে আমাকে তোমার অনাবিল বক্ষে ডুবাইবে, একদিন চিরতরে ডুবাইবে। এই প্রত্যাশায় তোমার অর্চ্চনা করিতেছি, তোমার সেবা করিতেছি।

কবে বৈদিকযুগ অতীত হইল, তারপর তীর্থে তীর্থে পুরাণে বর্ণিত নানা দেবদেবীর অবয়ব নিয়া তুমি প্রতিষ্ঠিত হইলে অজ্ঞ পুত্রদের নিকট ধরা দিবার জন্য। কোথাও বিষ্ণু, কোথাও শিব, কোথাও পার্ব্বতী, কোথাও গণেশ প্রভৃতি নানারূপে আসিয়া মন্দিরে মন্দিরে দাঁড়াইলে। কিন্তু তোমার সন্তানগণকে ভুলিতে দাও নাই তাহারা আপ্তকাম বৈদিক ঋষিদেরই বংশধর। বিবাহে, শ্রাদ্ধে, পূজায় তাহারা তাহাদের বৈদিক গোত্রেরই পরিচয় দান করে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈদিক মন্ত্রই উচ্চারণ করে। কেহ বলে—আমি শাণ্ডিল্য ঋষির বংশধর। কেহ বলে—আমি কশ্যপের বংশধর। সকলেই এক এক ঋষির নাম উচ্চারণ করিয়া তাঁহার বংশধর বলিয়া পরিচয় দেয়। কিন্তু তাহারা তোমাকে জানে না, তুমি ঋষিদেরও আদি, ঋষিদেরও জননী, তুমি বেদমাতা। বেদে তোমারই মহিমা ঋষিগণ কীর্ত্তন করিয়া গিয়াছেন। তোমারই আরাধনা করিয়া ঋষিগণ ঋষিত্ব প্রাপ্ত হইয়াছিলেন। তুমি এতদিন লুকাইয়াছিলে। লোকের মনে শঙ্কা জাগাইয়া বলিতে বৈদিকযুগে কোন মূর্ত্তির উপাসনা ছিল না। তোমার সেই ভ্রান্তিরূপ পুনঃ অপনোদন করিবে। তুমি আবার দেব বাঞ্ছিত ঋষিদের প্রত্যক্ষ দিব্যরূপ নিয়া আবির্ভূত হইবে। তাহারই জন্য এ আয়োজন।

তুমি আসিবে বলিয়াই আচার্য্য বিজয়কৃষ্ণের কণ্ঠে বৈদিক উপাসনার সম্বেদন জাগাইলে। তাঁহাকে নিমিত্ত করিয়া তুমি তোমার আসিবার পথ নির্ম্মাণ করিলে। তুমি আসিবে বলিয়াই বৈদিক সম্বেদনায়, মূর্চ্ছনায় অপূর্ব্ব 'সাধন-সমর' গ্রন্থ নির্ম্মাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করাইলে ব্রহ্মর্ষি সত্যদেবের দ্বারা। পূর্ব্বে ভাব দিলে, ভাষা দিলে, এইবার তুমি প্রত্যক্ষ রূপ নিয়া আসিলে।

এই পুণ্যক্ষেত্রে প্রতিষ্ঠিত হইবে বলিয়া তুমি ইঙ্গিত করিলে। পুরাণকারগণ বলেন—এই পুণ্য বৈদ্যনাথধাম একটী পীঠস্থান। তুমি যখন সতীরূপে দক্ষযজ্ঞ পণ্ড করিয়া দেহত্যাগ করিয়াছিলে, তখন বিষ্ণুচক্রে বিচ্ছিন্ন অঙ্গের মধ্যে তোমার হৃদয় এই পুণ্যধামে পড়িয়াছিল। তোমার হৃদয়—সেই স্নেহ-কোমল হৃদয়—সেই অমৃতের উৎসস্বরূপ হৃদয়—সেই শান্তিময় হৃদয় এইখানে পতিত হইয়াছিল। সে কথা তুমিও ভুল নাই, বিশ্ববাসীও ভুলে নাই। তাই তুমি তোমার এই হৃদয়স্বরূপভূমিতে প্রতিষ্ঠিত হইবে বলিয়া ইঙ্গিত করিলে। শুধু ইঙ্গিত করিলে না, অলক্ষ্যে থাকিয়া সব বিধিব্যবস্থা করিলে। অতীতের এক একটী কথা মনে পড়ে আর তোমার সোপান রচনার দৃশ্য ভাসিয়া উঠে। কিরূপে সোপান রচনা করিয়াছ, কিরূপে এখানে আমাদিগকে বহন করিয়া আনিয়াছ, তাহা স্থানান্তরে বলিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার হৃদয় পতিত হইয়াছিল বলিয়া এ স্থান পূতভূমি ত বটেই, অধিকন্তু দ্বাদশ জ্যোতি লিঙ্গের এক লিঙ্গমূর্ত্তি 'বাবা বৈদ্যনাথ' নাম ধারণ করিয়া এইখানে বিরাজিত রহিয়াছেন। প্রখ্যাত আদি পুণ্য পীঠভূমি এই বৈদ্যনাথধাম। আমাদিগকে তোমার এ পুণ্যধামে প্রবেশ করিবার ও অবস্থান করিবার ব্যবস্থা করিতে দিলে। তারপর তুমিও আসিবে বলিয়া, বৈদিক আদর্শের দিব্যরূপ নিয়া প্রতিষ্ঠিত হইবে বলিয়া অন্তরে বারবার বেদন জাগাইতে লাগিলে। বেদমাতার বেদন। পূর্ণ গর্ভবতী নারী যেমন প্রসব ব্যথায় অধীর হয়, সন্তান ভূমিষ্ঠ না হওয়া পর্য্যন্ত যেমন তাহার প্রসব ব্যথা দূর হয় না, সেইরূপ আমার অন্তরে তুমি বেদনা জাগাইলে। দিনরাত শুধু ঐ কথা—ঐ এক কথা—আমি বৈদিক মূর্ত্তিতে এই পুণ্যধামে প্রতিষ্ঠিত হইব।

আহারে, শয়নে, গমনে, আমার অঞ্চল ধরিয়া ধরিয়া বারবার বলিতে—আমি বৈদিক আদর্শের রূপ নিয়া অষ্টভূজা মূর্ত্তিতে এই পুণ্যধামে প্রতিষ্ঠিত হইব।

কতদিন কাতরকণ্ঠে মিনতি জানাইয়াছি—বহু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধনী বহু পণ্ডিত তোমার এই ব্রহ্মাণ্ডভাণ্ডে রহিয়াছে। আমাকে এই গুরুকার্য্যের ভার দিও না দেবি! রাজরাজেশ্বরী তুমি, তোমাকে স্থূলে প্রতিষ্ঠা দিতে হইলে রাজপ্রাসাদ ও রাজসিংহাসনেরই প্রয়োজন। সেই সিংহাসন রচনার অর্থ ও সামর্থ্য আমার নাই। অন্তরের নিধি তুমি, আমার নিকট অন্তরেই লুকাইয়া থাক। বাহিরে রূপ নিবার অভিলাষ থাকে ত তুমি তোমার যোগ্যতর পুত্রদের সেই নির্দ্দেশ দাও। তোমার বিশ্বে, তোমার সভায় কত গুণী, কত জ্ঞানী, কত ধনী রহিয়াছেন।

অক্ষম, অন্ধ, পঙ্গু সন্তানের প্রতিই নাকি মায়ের স্নেহ বেশী থাকে। বিদুরের ক্ষুদ, শবরীর হাতের ফল, সুজাতার হাতের পায়সান্ন তোমার প্রিয় ছিল। তাই দয়ার্দ্রচিত্তা তুমি এই কাঙ্গাল সন্তানের অঞ্চল ধরিয়া ধরিয়াই বেদনা জাগাইতে লাগিলে। তুমি আসিবে, তুমি আসিবে, সিংহাসন পাতিয়া বসিবে।

তোমার মন্দির গঠনের পরিকল্পনা চলিল। গুরুর নির্দ্দেশ ছিল—মানুষের মধ্যে প্রেরণা জাগাইবে। শুদ্ধ সংকল্প, শুভ কামনা ব্যর্থ হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা মানুষের অন্তরে প্রেরণা জাগাইলে মানুষ স্বেচ্ছায় অর্থ ও পূজার উপচার বহন করিয়া নিয়া আসে। এই কলিকালে ভোগলোলুপ মানুষ সহজে পুণ্যপথে অর্থ দিতে চাহে না। তাহাদের তামসিক অন্তরে শুভকার্য্যের জন্য বেদনা সহজে জাগে না। ধৈর্য্যহীন না হইয়া প্রতীক্ষা করিলে দেখা যায় এই কলিকালেও শুদ্ধ সংকল্প ব্যর্থ হয় না। আমরাও তোমার মন্দির গড়িতে যাইয়া কালের প্রভাবে পদে পদে বাধা পাইয়াছি। জানি তোমার কাজ একদিন সম্পন্ন হইবেই, তাই ধৈর্য্য হারাই নাই। সে কথা স্থানান্তরে প্রকাশ করিব।

ক্ষণে আশার প্রদীপ জ্বালিয়াছ, ক্ষণে প্রবল ঝঞ্ঝা উঠাইয়া সেই প্রদীপ নির্ব্বাপিতপ্রায় করিয়াছ। শান্ত হইয়া তোমার এ অভিনয়ও দেখিতে হইয়াছে। শুভ সংবাদ এই—বিলম্বে হইলেও তোমার অতি প্রিয় এই আশ্রমসন্তানগণই মন্দিরের সমস্ত ব্যয়ভার বহন করিবার সৌভাগ্য লাভ করিয়া ধন্য হইয়াছে। কেহ নিষ্কামভাবে দিয়াছে, কেহ কামনা নিয়াও দিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাঠ-বিড়ালীর ন্যায় কেহ কেহ তাহার সাধ্যের অতীত সামান্য অর্থ দিয়াও পরম পরিতোষ লাভ করিয়াছে। দেখিয়াছি—দম্ভভরে যাহারা অনেক দিবে ভাবিয়াছে তাহাদের সেই আশা তুমি পূর্ণ হইতে দাও নাই। প্রণত জনার দানই তুমি গ্রহণ করিয়াছ।

জনৈক ভক্ত তাহার স্বর্গীয় স্ত্রীর (গঙ্গা দেবীর) আত্মার কল্যাণার্থে তোমার মন্দিরের জন্য প্রথম অর্থ দান করিয়াছিল। মন্দিরের অধিকাংশ কাজ তাহারই অর্থে সম্পন্ন হইয়াছে। তুমি তাহাদের মনোবাঞ্ছা পূর্ণ করিও, মা। নাট-মন্দির ও মন্দিরের পরিশিষ্ট কাজের জন্য যাহারা সেবার অধিকার পাইয়াছে তাহাদের কল্যাণ-বিধানও তুমি করিও। যে সকল সন্তান নিষ্কামভাবে তোমার মন্দির গঠনে আত্মনিয়োগ করিয়াছিল মোক্ষদায়িনী দেবী তুমি, তাহাদের বাঞ্ছিত ফল দান করিও।

প্রায় দীর্ঘ চারি বৎসরে তোমার মন্দিরের কাজ সম্পন্ন হইল। সুচারু প্রকোষ্ঠে দিব্য সিংহাসনে তুমি আসিবে, তুমি বসিবে, সেই আনন্দে আমরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মহারা। তোমার আগমনের সঙ্গে সঙ্গেই চতুর্দ্দিক হইতে ভক্তগণ সমবেত হইবে, আদর্শ ব্রাহ্মণগণ তোমার দর্শন অভিলাষে আসিবেন। রাষ্ট্রনায়ক, সমাজসেবক, ধনী, দরিদ্র বাস্তুহারা তোমার পদতলে আসিয়া সমবেত হইবে। তাহাদের অশ্রুসিক্ত অর্ঘ্য দয়াময়ী তুমি গ্রহণ করিয়া কৃতার্থ করিও। আর্ত্ত জিজ্ঞাসু অর্থার্থী ও জ্ঞানী এই চতুর্বিধ ভক্তেরই স্থান তোমার পাদপদ্মে হইবে জানি। জ্ঞানীভক্ত ও মুমুক্ষুভক্ত তোমার অধিকতর প্রিয়। তাহাদিগকে তোমার সেবায় নিযুক্ত করিও। চতুর্বর্গফলদায়িনী তুমি হইলেও এ স্থানে তুমি বিশেষরূপে—মোক্ষ-দায়িনীরূপেই অধিষ্ঠিত থাকিবে। কামকামিগণ আসিলে তুমি তাহাদের কাণে কাণে বলিও—

আপূর্য্যমানমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী॥
স শান্তিমাপ্নোতি ন কামকামী॥

যেমন সমুদ্রে নদীসমূহ প্রবেশ করে, সেইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামসমূহ যাঁহার ভিতরে প্রবিষ্ট হয় অর্থাৎ বিষয়-সমূহও যাঁহাকে বিচলিত করিতে পারে না, তিনিই প্রকৃত শান্তি লাভ করেন। কিন্তু বিষয়াসক্ত ব্যক্তি তাহা লাভ করিতে পারে না। বিষয়াসক্ত ব্যক্তি তাহা লাভ করিতে পারে না।

এইখানে তোমার হৃদয় পতিত হইয়াছিল—স্নেহ কোমল হৃদয়, শুদ্ধ সতীর হৃদয়। প্রেমের উৎস, আনন্দের উৎস মায়ের হৃদয়ই ত সন্তানের আশ্রয়-স্থল। তোমার যে পুত্রকে অপার স্নেহের দৃষ্টিতে দেখ তাহাকে তুমি পদতল হইতে বাহুতে আকর্ষণ করিয়া ক্রোড়ে ধারণ কর। কোল হইতে হৃদয়ে—বক্ষে বসাইয়া চুম্বন কর। স্তনামৃত দান কর। স্নেহালিঙ্গনে আত্মহারা কর। বহু জন্মের তাপদগ্ধ পুত্রকে বক্ষে নিয়া, সুশীতল হৃদয়ে নিয়া তাহার সকল সন্তাপ হরণ কর, তাহার জীবত্বকে শিবত্ব দান কর।

আজ শরতের জ্যোৎস্নাধবলিত পুণ্য পূর্ণিমা তিথিতে পূর্ণচন্দ্রের ন্যায় তুমি অধিষ্ঠিত হইলে। এই মন্দিরে, এই বেদীতে অধিষ্ঠিত হইলে। অধিষ্ঠিত হইলে ভক্তের হৃদয়ে হৃদয়ে। অন্তরে অধিষ্ঠিত হইলে, বাহিরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিষ্ঠিত হইলে। দেহে অধিষ্ঠিত হইলে, মন্দিরে অধিষ্ঠিত হইলে। হৃদয়ে অধিষ্ঠিত হইলে, বেদীতে প্রতিষ্ঠিত হইলে। স্থাং স্থীং স্থিরাভব, তুমি সুস্থিরা ভব। কর্ম্মদোষে তোমাকে হারাই, কর্ম্মদোষে অন্তরে থাকিয়াও তুমি দীপ্তিহীনা হও, বিগতরোচনা হও। আবার অন্তরে তপস্যার বহ্নি তুমি জ্বাল, দীপ্তিময়ী হইয়া তুমি ধরা দাও। কর্ম্মপাশ হইতে পরিত্রাণ কর।

তুমি দীপ্তিময়ী প্রকাশশীলা, তুমি আনন্দময়ী, তুমি চিন্ময়ী। তপস্বিদের তপস্যা-প্রভাবে তুমি তোমার জ্যোতির্ম্ময় স্বরূপে ধরা দাও। তুমি আবির্ভূত হইলে সকল কর্ম্মপাশ ছিন্ন হয়, ভেদবুদ্ধি তিরোহিত হয়, নামরূপের সত্তা থাকে না, একমাত্র তুমিই থাক। ওগো! পরিত্রাণপরায়ণা তোমাকে দুঃখত্রয় হইতে পরিত্রাণের জন্য প্রণতি জানাইতেছি, তুমি আমাদিগকে পরিত্রাণ কর।

ওগো হৈমবতি, ওগো উমা, মন বুদ্ধির পরপারে তোমাকে ধরিবার সামর্থ্য আমাদের সকলের নাই, তাই তুমি করুণাঘন মূর্ত্তিতে স্থূলে আসিয়া দাঁড়াইলে। আমরা স্থূলে আমাদের অতি নিকটে তোমাকে অগ্নি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বর্ণারূপে জ্যোতির্ম্ময়ী মাতৃমূর্ত্তিতে এইখানে পাইয়াছি। তুমি স্বেচ্ছায় ধরা দিয়াছ। তুমি স্বেচ্ছায় আবির্ভূত হইয়াছ।

জানি তুমি পরিত্রাণ-পরায়ণা, তাই উত্তমরূপে আমাদিগকে পরিত্রাণ করিবার জন্য তোমার ঐ রাতুল চরণে প্রণত হইতেছি। এই নাও, স্বার্থসংকীর্ণ হৃদয়গুলি তোমার আসনরূপে গ্রহণ কর। এই নাও, চোখের তপ্ত জল—তুমি তোমার দিব্য চরণ প্রক্ষালিত করিয়া অধিষ্ঠিত হও এই সংকীর্ণ হৃদয়ে হৃদয়ে। এই নাও আমাদের বিন্দু বিন্দু প্রাণগুলি যাহা সিন্ধু-রূপিণী তোমার প্রাণ হইতে একদিন উদ্ভূত হইয়া-ছিল—বহু হইবে, বহুকে ভোগ করিবে এই কামনা নিয়া উদ্ভূত হইয়াছিল। এইবার বহু হওয়ার বহু ভোগ করার সাধ মিটিয়াছে। তাই পরিত্রাণ-পরায়ণা তোমাকে আমাদের এই বিন্দু বিন্দু প্রাণগুলি অর্ঘ্য-রূপে অর্পণ করিতেছি। এই নাও মধুপর্ক—এক চিৎস্বরূপিণী তোমা হইতে পঞ্চরসের উদ্ভব হইয়াছে —পঞ্চকোষ, পঞ্চতন্মাত্রা, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চজ্ঞানে-ন্দ্রিয়, পঞ্চপ্রাণ, পঞ্চভূত প্রভৃতি উৎপন্ন হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঊর্ণনাভের ন্যায় তুমি স্বেচ্ছায় জাল বুনিয়াছ। আবার ঊর্ণনাভ যেমন তাহার উৎক্ষিপ্ত জালকে উদরসাৎ করে, সেইরূপ তুমিও তোমার উৎক্ষিপ্ত পঞ্চীকৃত আমাদিগকে গ্রহণ কর, উদরসাৎ কর। নাও—পুষ্প নাও, নাও—ধূপ নাও, দীপ নাও. এই পূজার সমস্ত উপচার গ্রহণ কর। 'মদীয়ঞ্চ সকলং' তুমি গ্রহণ কর। শুধু উপচার নহে, আমাকেও গ্রহণ কর। মাং গৃহাণ পরমেশ্বরি! সুতরসি তরসে নমঃ।

যতদিন পরিত্রাণ না হয়, যতদিন পরিত্রাণ না কর ততদিন তোমাকে বক্ষে বসাইয়া চোখের মণিতে প্রতিষ্ঠিত করিয়া সহস্রারে স্থাপন করিয়া এইভাবে অর্চ্চনা করিব, বন্দনা করিব, আর বার বার চরণে লুণ্ঠিত হইয়া বলিব—

অব ত্বং মাম্, অব দাতারম্,
অব শ্রোতারম্, অবানুচানম্, অব শিষ্যম্।
সর্ব্বতো মাং পাহি পাহি সমন্তাৎ।

ও সহনাববতু, সহ নৌ ভুনক্তু, সহবীর্য্যং করবাবহৈ।
তেজস্বিনাবধীতমস্তু মা বিদ্বিষাবহৈ॥

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ হরিঃ ওঁ।

সমাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবসংঘ হইতে প্রকাশিত অন্যান্য পুস্তক—

ব্রহ্মচারী শ্রীমৎ নরেন্দ্রনাথ প্রণীত—

মন্ত্র ও পূজারহস্য—(২য় সংস্করণ)	মূল্য—২৲
ঐ হিন্দী	মূল্য—১॥০
সাধনার গৃহে—(২য় সংস্করণ)	মূল্য—১॥০
সত্যের পথ বা আমি'র সন্ধান—(২য় সং)	মূল্য—৸০
প্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা—	মূল্য—৸০
ব্রহ্মর্ষি শ্রীশ্রীসত্যদেব (অলৌকিক জীবনী)—	মূল্য—১।০
ঐ বাঁধান	মূল্য—১॥০
চিঠিতে সাধনা ও উপলব্ধির কথা—	মূল্য—১৲
দশমহাবিদ্যা কে—	মূল্য—॥০
নবদুর্গা কে—	মূল্য—।০
ঐ হিন্দী	মূল্য—।০
আশার বাণী	মূল্য—৵০
ঐ হিন্দী	মূল্য—৵০

শ্রীযুক্তা বাসন্তী দেবী প্রণীত—

শ্রীগুরুলাভ ও দাক্ষিণাত্যের তীর্থদর্শন—মূল্য ৪৲

আশ্রমাচার্য্য শ্রীমৎ নরেন্দ্রনাথ ব্রহ্মচারী
মহারাজের ফটো চিত্র—মূল্য ১।০ ও ॥০

দেবসঙ্ঘের ত্রৈমাসিক মুখপত্র
'দিব্যদর্শন'

বার্ষিক মূল্য সডাক ২৲, সাহায্যকারীর জন্য ৪৲ ।
হিন্দী দিব্যদর্শন—২৲ ও ৪৲ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রিণ্টার—শ্রীবিমলকুমার ব্যানার্জ্জী
তারকনাথ প্রেস
৯নং ম্যাঙ্গো লেন, কলিকাতা—১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi